

**আল কুরআন**  
অনন্ত করুণাময় পরম দয়ালু  
আল্লাহর নামে আরম্ভ করছি  
.....  
অতএব যারা কাকের হয়েছে,  
তাদেরকে আমি কঠিন শাস্তি  
দেবো দুনিয়াতে এবং আখেরাতে-  
তাদের কোন সাহায্যকারী নেই।  
সূরা আল ইমরান ৫৬

দৈনিক

# কীৰ্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ বুধবার ॥ ২২ জুলাই ২০২৬ ॥ ০৭ সফর ১৪৪৮ ॥ ০৭ শ্রাবণ ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৫১ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

**৪৫ বছর মেজর মোজাফফর কোথায় ছিলেন, কারা আশ্রয় দিয়েছে প্রশ্ন রিজভীর**  
কীর্তনখোলা ডেস্ক  
শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানকে হত্যার ঘটনায় ৪৫ বছর পর মেজর মোজাফফর হোসেনকে গ্রেফতারের প্রসঙ্গ ২ এর পাতায় দেখুন

**বদলির তদবির নিয়ে শিক্ষকদের ভিড়ে অফিসে ঢুকতে পারি না: শিক্ষামন্ত্রী**  
কীর্তনখোলা ডেস্ক  
সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বদলির তদবিরে ‘অভিষ্ঠ’ বলে জানিয়েছেন শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা ২ এর পাতায় দেখুন

**পুলিশের ডিআইজি ও এসপি পদমর্যাদার ১৪ কর্মকর্তাকে একযোগে বদলি**  
কীর্তনখোলা ডেস্ক  
বাংলাদেশ পুলিশের উপমহাপরিদর্শক (ডিআইজি), অতিরিক্ত ডিআইজি ও পুলিশ সুপার (এসপি) পদমর্যাদার একাধিক ২ এর পাতায় দেখুন

**৭ লাখ ১০ হাজার কৃষকের ৬০৫ কোটি টাকার ঋণ মওকুফ করলো কৃষি ব্যাংক**  
কীর্তনখোলা ডেস্ক  
বর্তমান সরকারের কৃষিবান্ধব নীতির অংশ হিসেবে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের ঋণের বোঝা লাঘব করতে বিশেষ উদ্যোগ ২ এর পাতায় দেখুন

**নতুন আঙ্গিকে, অত্যাধুনিক প্রযুক্তিতে বিশ্বমানের সিমেন্ট**  
**শ্রীমৎস্য সিমেন্ট**  
হাইড্রোলিক ইঞ্জিনিয়ারিং  
সেবা : ০২৯১০০৬৬৬৬৬, ০২৯১১০২৭৭০৪

## অদৃশ্য বিপদের দিকে এগিয়ে যাচ্ছে বরিশাল নগরী

কীর্তনখোলা রিপোর্ট  
প্রাচ্যের ভেনিস খ্যাত নদী-খালবেষ্টিত বরিশাল নগরী নীরবে এগোচ্ছে এক অদৃশ্য বিপদের দিকে। খালি চোখে বোঝার উপায় নেই, কিন্তু প্রতি বছরই ধীরে ধীরে নিচে নেমে যাচ্ছে পুরো নগরী। এই ভূমি ধর্মের প্রভাব ইতোমধ্যেই পড়তে শুরু করেছে নগরীর বিভিন্ন ভবনে। কোথাও কোথাও ভবন হেল্পে পড়ার প্রমাণও মিলেছে। গবেষকদের সতর্কবার্তা, এভাবে ভূমি দেবে যাওয়ার প্রবণতা অব্যাহত থাকলে আগামী ৫০ থেকে ১০০ বছরের মধ্যে বরিশাল অস্বাভাবিক পরিবেশগত ও জলবায়ুগত ঝুঁকির মুখে পড়তে পারে। সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধির সাথে ভূমির উচ্চতা কমে যাওয়ায় সামান্য জোয়ারেই প্রারিত হতে পারে নগরীর বিস্তীর্ণ এলাকা। এমন উদ্বেগজনক তথ্য উঠে এসেছে বাংলাদেশ ভূ-তাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসআর) এবং জার্মানির ফেডারেল ইনস্টিটিউট ফর জিওসাইন্স অ্যান্ড ন্যাচারাল রিসোর্সেস (বিজআর) এর যৌথ গবেষণায়। জার্মান উন্নয়ন সহযোগিতার অংশ হিসেবে পরিচালিত এ

গবেষণায় অর্থায়ন করেছে জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি (জাইকা)। যদিও গবেষণার পূর্ণাঙ্গ প্রতিবেদন এখনো জনসমক্ষে প্রকাশ করা হয়নি, তবে এর গুরুত্বপূর্ণ তথ্য বরিশাল সিটি করপোরেশনসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জানানো হয়েছে। ২০১৪ থেকে

২০২০ সাল পর্যন্ত বরিশাল নগরী ও আশপাশের এলাকায় সংগৃহীত তথ্য বিশ্লেষণ করে গবেষকরা দেখেছেন, প্রতিবছরই নিচে নেমে যাচ্ছে মাটির স্তর। স্যাটেলাইট চিত্র, ভূ-গর্ভস্থ মাটির নমুনা বিশ্লেষণ এবং স্থাপনার গতিবিধি পর্যবেক্ষণের মাধ্যমে পরিচালিত এই গবেষণায় দেখা যায়, বছরে গড়ে ১ দশমিক ৬৬ মিলিমিটার করে ভূমি দেবে যাচ্ছে। তবে কোনো কোনো বরেরে এই হার বেড়ে দাঁড়িয়েছে ২৪ দশমিক ১৭ মিলিমিটার, যা প্রায় এক ইঞ্চির সমান। গবেষণার বছরে গড়ে ৫ দশমিক ৬৩ মিলিমিটার ভূমি উঠে হওয়ার তথ্যও পাওয়া গেছে। তবে গবেষকরা বলছেন, এটি কোনো প্রাকৃতিক ভূমি গঠন নয়; মানুষের উদ্যোগে নিচু এলাকা ভরাট করার ২ এর পাতায় দেখুন

### দেশে হামে শিশুমৃত্যু ৮০০ হুইছুই

কীর্তনখোলা ডেস্ক  
দেশে নতুন করে হামের উপসর্গ নিয়ে চার শিশু মারা গেছে। এ নিয়ে গত ১৫ মার্চ থেকে এ পর্যন্ত হাম ও হামের উপসর্গে ৭৯৭ শিশুর মৃত্যু হয়েছে। গত ২৪ ঘণ্টায় হাম ও হামের উপসর্গে আক্রান্ত হয়েছে এক হাজার আটজন শিশু। তার মধ্যে হাম শনাক্ত হয়েছে ১৩০ শিশুর। মঙ্গলবার (২১ জুলাই) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হাম-বিষয়ক হালনাগাদ প্রতিবেদনে এসব তথ্য জানানো হয়েছে। প্রতিবেদনে আরও জানানো হয়েছে, গত ১৫ মার্চ থেকে এ পর্যন্ত সারাদেশে হাম ও হামের উপসর্গে আক্রান্ত হয়েছে এক লাখ ৩৪ হাজার ১৫৬ শিশু। তাদের মধ্যে হামে আক্রান্তের সংখ্যা ১৪ হাজার ৭০৮ জন শিশু। গত ২৪ ঘণ্টায় মারা যাওয়া চার শিশুর মধ্যে দুজন সিলেটে এবং রাজশাহী ও ময়মনসিংহে একজন করে মারা গেছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য ২ এর পাতায় দেখুন

### শিক্ষাপ্রতিষ্ঠানে নিয়োগে ডিসিদের ক্ষমতা বাতিল ফিরলো আগের নিয়ম

কীর্তনখোলা ডেস্ক  
বেসরকারি এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানে কর্মকর্তা-কর্মচারী নিয়োগের সুপারিশের জেলা প্রশাসকদের (ডিসি) দেওয়া ক্ষমতা বাতিল করেছে সরকার। এ বিষয়ে জারি করা আগের পরিপত্র বাতিল করে সংশ্লিষ্ট নির্দেশনা জারি করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের নতুন পরিপত্র অনুযায়ী- এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানে কর্মকর্তা-কর্মচারী নিয়োগে ২০২৪ সালের নির্দেশনা অব্যবহৃত ও কার্যকর হবে। এ নির্দেশনা অনুযায়ী- বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে কর্মকর্তা-কর্মচারী নিয়োগের ক্ষমতা ফিরলো প্রতিষ্ঠান পরিচালনা ও ব্যবস্থাপনা কমিটির হাতে। এতে রাজনৈতিক প্রভাব ও দুর্নীতি বাড়বে বলে মনে করছেন শিক্ষা-সংশ্লিষ্টরা। মঙ্গলবার (২১ জুলাই) এ-সংক্রান্ত পরিপত্র জারি করে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ। এতে সই করেছেন মন্ত্রণালয়ের বেসরকারি মাধ্যমিকের সূপারচিফ সাইয়েজ মরবাড়ি ২ এর পাতায় দেখুন



পরিবেশের ভারসাম্য রক্ষা ও জলবায়ু সহনশীলতা জোরদারের সরকারের নির্বাচনী অঙ্গীকার বৃক্ষরোপণ কর্মসূচির অংশ হিসেবে বৃক্ষরোপণ করেন বিসিপি প্রশাসক বিলকিস আক্তার জাহান শিরীন -কীর্তনখোলা

## অতিবৃষ্টিতে বরিশালের ছয় জেলায় রেকর্ড ক্ষতি

কীর্তনখোলা রিপোর্ট  
ঢানা অতিবৃষ্টি, উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢল এবং নদ-নদীর অস্বাভাবিক পানি বৃদ্ধিতে দেশের দক্ষিণাঞ্চলের কৃষিতে নেমে এসেছে বড় ধরনের বিপর্যয়। বরিশাল অঞ্চলের বিস্তীর্ণ ফসলি জমি পানির নিচে ডুবে গেছে। যাওয়ায় সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে আমন ধানের বীজতলা। একই সঙ্গে গ্রীষ্মকালীন শাকসবজি, মরিচসহ বিভিন্ন আবাদও নষ্ট হয়ে যাওয়ায় মাথায় হাত পড়েছে হাজারো কৃষকের। অনেকেই বলছেন, এ ক্ষতি চলতি মৌসুমে পুঁজিয়ে ওঠা প্রায় অসম্ভব। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সর্বশেষ তথ্য অনুযায়ী, ৯ জুলাই থেকে শুরু হওয়া

ঢানা বৃষ্টিপাত ও নদ-নদীর পানি বৃদ্ধি পাওয়ায় বরিশাল অঞ্চলের পাঁচ জেলায় ৪১ হাজার ২১০ জন কৃষক ক্ষতির মুখে পড়েছেন। এখন পর্যন্ত প্রায় ২৯ হাজার ৯৫০ মট্রিক টন ফসল নষ্ট হয়েছে। যার আনুমানিক আর্থিক ক্ষতির পরিমাণ প্রায় ১৯ কোটি টাকা। তবে বৃষ্টিপাত অব্যাহত থাকায় এই ক্ষয়ক্ষতির পরিমাণ আরও বাড়বে বলে আশঙ্কা করছেন কৃষি কর্মকর্তারা। সবচেয়ে বেশি ফসল আক্রান্ত হয়েছে বরগুনা জেলায়, যেখানে ৬ হাজার ৭০৯ হেক্টর জমির ফসল পানিতে ডুবে গেছে। অন্যদিকে আংশিক ক্ষতিগ্রস্ত জমির পরিমাণ ২ এর পাতায় দেখুন

## গৌরনদীতে মাদ্রাসাছাত্রীর মরদেহ উদ্ধার, হত্যার অভিযোগ মায়ের

গৌরনদী প্রতিনিধি  
বরিশালের গৌরনদীতে একটি আবাসিক মহিলা মাদ্রাসার কক্ষ থেকে জন্মাতুল ফেরদাউস (১১) নামে এক ছাত্রীর মূলত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। সোমবার রাতে উপজেলার কাছাকাছি এলাকার মিমতাহুল জাহাংরি হিফজুল কুরআন মডেল মহিলা মাদ্রাসায় এ ঘটনা ঘটে। তবে ওই ছাত্রীর মা দাবি করেছেন, তার মেয়ে আত্মহত্যা করেনি, তাকে হত্যা করা হয়েছে। নিহত জন্মাতুল ফেরদাউস রাজশাহীর নওগাঁ জেলার আত্রাই উপজেলার নানুয়া গ্রামের প্রবাসী মো. সাঈদ মণ্ডলের মেয়ে। বাবার প্রবাসে ২ এর পাতায় দেখুন

## পুলিশের ওপর হামলা মামলায় চার আসামির রিমান্ড মঞ্জুর

আগৈলঝাড়া প্রতিনিধি  
আগৈলঝাড়ায় পুলিশের ওপর হামলা ও সরকারি কাজে বাধাদানের মামলায় গ্রেপ্তার ২৯ আসামির মধ্যে ৪ আসামিকে জিজ্ঞাসাবাদ করতে ২ দিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত। পুলিশের রিমান্ড আবেদনের পরিপ্রেক্ষিতে বরিশালের ম্যাজিস্ট্রেট আদালত তদানি শেষে এ আদেশ দেন। ৪ আসামি হলেন ইদ্রিস ফকির, শফিকুল ফকির, সিদ্দিক ফকির ও কাঞ্চন ফকির। আগৈলঝাড়া থানার উপপরিদর্শক

(এসজিএ) মো. মাসুদুর রহমান বলেন, পুলিশের ওপর হামলার মামলায় ৪ আসামিকে জিজ্ঞাসাবাদ করতে রিমান্ডের আবেদন করা হয়। শুনানি শেষে আদালত দুই দিনের রিমান্ড মঞ্জুর করেন। মাসুদুর রহমান আরও বলেন, এর আগে সোমবার দুপুরে কড়া নিরাপত্তার মধ্য দিয়ে আদালতের রায় প্রদান করা হয়। রায়ের বলা হয়, আসামিদের আগৈলঝাড়া থানায় নিয়ে আসা হয়। উল্লেখ্য, আগৈলঝাড়ায় গ্রেপ্তার এক আসামির মৃত্যুর গুজবকে কেন্দ্র করে ২ এর পাতায় দেখুন

## ‘জুলাই ছিলো আশুতনমাখা, জুলাই ছিলো রক্ত’

মৌমিতা বিনতে মিজান  
২২ জুলাই ২০২৪। আগেরদিন অর্থাৎ ২১ জুলাই ২০২৪ তারিখে সরকারি চাকরিতে নিয়োগের ক্ষেত্রে কোটা পুনর্বহাল-সংক্রান্ত হাইকোর্টের রায় সামগ্রিকভাবে বাতিল (রদ ও রহিত) করে দেশের সর্বোচ্চ



আদালতের রায় প্রদান করা হয়। রায়ের বলা হয়, কোটাপ্রথা হিসাবে মেধাভিত্তিক ৯৩ শতাংশ। এর মধ্যে মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরসঙ্গার সন্তানদের জন্য ৫ শতাংশ; ক্ষুদ্র নৃগোষ্ঠী ১ শতাংশ এবং প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের জন্য ১ শতাংশ নির্ধারণ করা হয়। একই দিন চার দফা দাবি পূরণের জন্য বৈষম্যব্যাচরাই ২ এর পাতায় দেখুন

### এলএনজি সরবরাহ কমে যাওয়ায় গ্যাস সংকটের আশঙ্কা

কীর্তনখোলা ডেস্ক  
কারিগরি ক্রটির কারণে মাহেশখালীতে অবস্থিত এলএনজি টার্মিনালগুলো থেকে রিগ্যাসিফায়েড এলএনজি (আরএলএনজি) সরবরাহ উল্লেখযোগ্যভাবে কমে যাওয়ায় তিতাস গ্যাসের আওতাধীন এলাকায় তীব্র গ্যাস সংকট দেখা দিতে পারে বলে জানিয়েছে তিতাস গ্যাস কর্তৃপক্ষ। মঙ্গলবার (২১ জুলাই) এক বার্তায় জানানো হয়, কারিগরি ক্রটির কারণে মাহেশখালীতে অবস্থিত এলএনজি টার্মিনালসমূহ থেকে আরএলএনজি সরবরাহ প্রায় ৪৫০ মিলিয়ন ঘনফুট (এমএমসিএফডি) হ্রাস পেয়েছে। ফলে পরিস্থিতির উন্নতি না হওয়া পর্যন্ত তিতাস গ্যাসের অধিভুক্ত এলাকার আবাসিক, বাণিজ্যিক, শিল্প ও অন্যান্য সব শ্রেণির গ্রাহক পর্যায়ে গ্যাসের ২ এর পাতায় দেখুন



নগরীর টাউন মাধ্যমিক বিদ্যালয়ের এডহক কমিটির নবনির্বাচিত সভাপতি ও বরিশাল মানব পাচার আদালতের অতিরিক্ত স্পেশাল পিপি এসএম সরোয়ার হোসেনকে ফুলের শুভেচ্ছা জানান বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সরকারি শিক্ষকবৃন্দ -কীর্তনখোলা

## বরিশালে দুর্যোগ মোকাবিলায় স্বেচ্ছাসেবক সংকট

কীর্তনখোলা রিপোর্ট  
আদালতের অতিরিক্ত স্পেশাল পিপি এসএম সরোয়ার হোসেনকে ফুলের শুভেচ্ছা জানান বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সরকারি শিক্ষকবৃন্দ

সংগ্রাম। বন্যা কিংবা জলোচ্ছ্বাস প্রাকৃতিক দুর্যোগ মানাই দেশের দখিনের এই জনপদের বারবার শুধু দুর্যোগের নাম বদলায়, কিন্তু বদলায় না সাধারণ মানুষের



## বালকাঠিতে ডেঙ্গু পরিস্থিতির অবনতি, আক্রান্ত গত বছরের দ্বিগুণ

বালকাঠি প্রতিনিধি  
বালকাঠিতে উদ্বেগজনক হারে বাড়ছে ডেঙ্গুর প্রকোপ। প্রতিদিনই শনাক্ত হচ্ছে নতুন রোগী। পরিস্থিতি মোকাবিলায় জেলা শহরের সাতটি এলাকাকে ডেঙ্গু ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত করেছে স্বাস্থ্য বিভাগ। স্বাস্থ্য বিভাগের তথ্য অনুযায়ী, কাটপাড়া, বান্দা ঘাট, বাঁশপাড়া, কলাবাগান, স্টেশন রোড, সিটি পার্ক ও ফকির বাড়ি এলাকায় ডেঙ্গুর ঝুঁকি বেশি। এসব এলাকায় মশা নিয়ন্ত্রণ এবং জনসচেতনতামূলক কার্যক্রম জোরদারের পরামর্শ দেওয়া হয়েছে। বর্তমানে বালকাঠি সদর হাসপাতালে ২৬ জন, নলছিটি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ৩ জন এবং রাজাপুরে ১১ জন ডেঙ্গু রোগী চিকিৎসাধীন রয়েছেন। এদিকে, ডেঙ্গুতে আক্রান্ত হয়ে বালকাঠি শহরের কলাবাগান ও ফকির বাড়ি এলাকার দুই শিক্ষার্থীর মৃত্যু হয়েছে। স্বাস্থ্য বিভাগ বলছে, ডেঙ্গু প্রতিরোধে ব্যক্তিগত সচেতনতার পাশাপাশি সমন্বিত ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাঙ্গালার প্রখ্যাত বাংলা আদ্যাপবিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রহ্মচর্যমহান কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক

**অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা**

**উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির**

**বাংলা ব্যাকরণ ও নির্মিতি**

**বইটি অনন্য**

বইটি প্রোগ্রামের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিধয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সুজনশীল গ্রন্থ প্রণেতা

**পৃথিক মোস্তফা** (এমএফিল, ইবি)

বই পাঠ্যক্রম জন্ম যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

**গদ্য প্রকাশন, বরিশাল**

**বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে**

|                                                                         |                                                                         |                                                                    |                                                                              |
|-------------------------------------------------------------------------|-------------------------------------------------------------------------|--------------------------------------------------------------------|------------------------------------------------------------------------------|
| <b>বুক ডিস্ট্রি</b><br>সদর রোড, বরিশাল<br>01932-314219                  | <b>ইসলামিয়া লাইব্রেরি</b><br>শাহরাসের, সদর রোড, বরিশাল<br>01711-264963 | <b>অব্দের লাইব্রেরি</b><br>সদর রোড, বরিশাল<br>01708-868515         | <b>অব্দের লাইব্রেরি</b><br>সদর রোড, বরিশাল<br>01708-868514                   |
| <b>খন্দকার লাইব্রেরি</b><br>সদর রোড, বরিশাল<br>01711-047767             | <b>নিউ মাহবুব লাইব্রেরি</b><br>সদর রোড, বরিশাল<br>01763-107720          | <b>রহমান বুক হাউজ</b><br>শাহরাসের, সদর রোড, বরিশাল<br>01718-670945 | <b>মজুমদার লাইব্রেরি</b><br>শাহরাসের, সদর রোড, বরিশাল<br>01716-139268        |
| <b>অমৃত লাইব্রেরি</b><br>বই পাঠ্যক্রম জন্ম যোগাযোগ করুন<br>01719-408049 | <b>নিউ কলেজ লাইব্রেরি</b><br>সিএম কলেজের প্রাঙ্গণে<br>01726-074663      | <b>হক লাইব্রেরি</b><br>এএসআর কলেজের প্রাঙ্গণে<br>01724-851658      | <b>আশরাফিয়া লাইব্রেরি</b><br>বই পাঠ্যক্রম জন্ম যোগাযোগ করুন<br>01717-488083 |



## মম্বাদকীয় ওষুধ বাণিজ্যে নৈরাজ্য

ওষুধ জনস্বাস্থ্যের জন্য অপরিহার্য। কিন্তু পরিচািপের বিষয় হলো, অন্য বাজার পুষ্যের মতো ওষুধ খাতেও বিরাজ করছে সীমাহীন নৈরাজ্য। মানহীন, মেয়াদোত্তীর্ণ, নকল ওষুধে বাজার সয়লাব। রয়েছে সিন্তিকচটের দৌরাড্র্য। জীবন রক্ষাকারী বহু ওষুধের উচ্চমূল্য নিয়ে রয়েছে বিস্তর অভিযোগ। এসব অনিয়ম রোধে আইন থাকলেও মাঠ পর্যায়ে তেমন প্রয়োগ নেই। ফলে যে ওষুধের জীবন বাঁচানোর কথা, অনেক সময় সেই ওষুধই মৃত্যুর কারণ হয়ে উঠছে। প্রতিবেদনের প্রথম পর্বে বলা হয়েছে, ওষুধের মেয়াদ ফুরিয়ে গেলে নিয়ম অনুযায়ী সেগুলো সরিয়ে ফেলার কথা, কিন্তু অতি মুনাফার লোভে দোকানিরা সেগুলোই দৈদার বিক্রি করছেন। রাজধানী ঢাকা থেকে শুরু করে প্রত্যন্ত গ্রামেও একই চিত্র। শুধু তা-ই নয়, অপারেশন থিয়েটারেও মিলেছে মেয়াদোত্তীর্ণ ওষুধ। খবরে বলা হয়েছে, মেয়াদোত্তীর্ণ ওষুধ সেবনের ফলে মৃত্যুও হয়েছে। জানা গেছে, দেশে নিবন্ধিত ফার্মেসির সংখ্যা দুই লাখ ৩৫ হাজারের বেশি, কিন্তু অনির্বন্ধিত ফার্মেসি রয়েছে ৫০ হাজারের বেশি। মাঝেমাঝে এসবের বিরুদ্ধে অভিযান চলে, তবে নামমাত্র জরিমানা করা হয়। এতে কারকের কাজ হয় না। ধারাবাহিক প্রতিবেদনের দ্বিতীয় পর্বে আমরা দেখতে পাই, ক্যান্সারের ওষুধের কাঁচমাল আমদানি কঙ্ক ও ভাট্টা শূন্য করতে সরকার, অচাচ বাজারে ওষুধের দাম কমেনাি, যদিও এই ছাড়ের ফলে ওষুধের দাম ১৪ থেকে ৮৮ শতাংশ পর্যন্ত কমানো সম্ভব। অন্যদিকে প্রতিবছর নতুন করে ক্যান্সারে আক্রান্ত হচ্ছে প্রায় পঁচেন দুই লাখ মানুষ। দুরারোগ্য ক্যান্সারের চিকিৎসা করতে গিয়ে বহু পরিবার সর্বস্বান্ত হয়ে পড়ছে। ভূতীয় পর্বে বলা হয়েছে, আইন অনুযায়ী প্রেসক্রিপশনভিত্তিক ওষুধের চ্যার কঠোরভাবে নিয়ন্ত্রিত। তবে এ কারণে ওষুধ কম্পানিগুলো বেছে নিয়েছে অনৈতিক বিপণন কৌশল। বিরুদ্ধ প্রতিনিধিরা চিকিৎসকদের দামি উপহার দিচ্ছেন, বিনিময়ে প্রেসক্রিপশনে যুক্ত হচ্ছে অপ্রয়োজনীয় উচ্চমূল্যের ওষুধ, যা শেষ পর্যন্ত ভুভভাগ্যী রোগীর কাঁধেই বর্তায়। গভকাল শেষ পর্বে বলা হয়েছে, এত এত অনিয়ম থাকলেও শান্তির নজির নেই বললেই চলে। ২০২৩ সালে প্রণীত ওষুধ ও কসমেটিকস আইনে নকল ও ভেজাল ওষুধ উৎপাদন ও বিপণনে সর্বোচ্চ সাজা হিসেবে মহাবক্কীবন কারাদন্দের বিধান রাখা হয়েছে। কিন্তু আইনটি কার্যকর হওয়ার আড়াই বছরের বেশি সময় পেরিয়ে গেলেও এখন পর্যন্ত এই আইনে কাউকে দণ্ড দেওয়া হয়নি। ওষধ প্রশাসন অধিদপ্তরের পরিচালক আকতার হোসেন বলেন, প্রতিবছর ওষুধের মান যাচাই হয়, কিন্তু এই সংখ্যা খুব কম। বিষয়টি সরকারের উর্ধ্বতন কর্মকর্তারা অবগত থাকলেও পরিবর্তন সম্ভব হয়নি। কারণ পণ্যও নকলকর নেই। দেশের ওষুধশিল্প আজ সুপ্রতিষ্ঠিত। জাতীয় চট্টান্দার প্রায় ৯৮ শতাংশই নিটিয়ে থাকে দেশীয় খাত। অভ্যন্তরীণ বাজার ১৩ হাজার কোটি টাকার বেশি। আমাদের ওষুধ এখন রপ্তানিও হচ্ছে। কথা হলো, তার পরও এই খাতে এত নৈরাজ্য কেন? আমরা মনে করি, ওষুধ খাতে অনিয়ম-অব্যবস্থাপনা রোধে ওষধ প্রশাসনের আরো কার্যকর ভূমিকা নেওয়া দরকার। লোকবল বাড়িয়ে জবাবদিহি নিশ্চিত করতে হবে। জীবন রক্ষাকারী ওষুধ নিয়ে যেকোনো ধরনের অপতৎপরতা বন্ধে এর সঙ্গে জড়িতদের বিরুদ্ধে অবশ্যই আইনগত ব্যবস্থা নিতে হবে।

### গৌরনদীতে মাদকসেবীকে

ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. মেহেদী হাসানের নেতৃত্বে পরিচালিত অভিযানে গৌরনভার তিখাসার এলাকা থেকে ইউনুস (২১) নামে এক যুবককে আটক করা হয়। তিনি তিখাসার এলাকার বাবুরের ছেলে। প্রশাসন জানায়, আটক ইউনুসের স্বীকারোক্তির ভিত্তিতে টরকী বাসসড়ক চাতাল ও ঈঙ্গাল জব্বিরকে কাউন্টারসমেল্পণ গলিত মাদাক বিক্রির সঙ্গে জড়িত বাজ্বদের বাসা ও সন্দেহভাজন স্পটে অভিযান চালানো হয়। পরে ভ্রাম্যমাণ আদালত ইউনুসকে ছয় মাসের কারাদণ্ড ও তিন হাজার টাকা অর্থদণ্ড দেয়। অভিযানে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের গৌরনদী সার্কেলের উপ-পরিদর্শক মো. ফাইজুল ইসলাম হুদয়সহ গৌরনদী মডেল থানা পুলিশের সদস্যরা উপস্থিত ছিলেন।

### মদ্রাসাছাত্রীর মরদেহ উদ্ধার

থাকার কারণে ছোটবেলা থেকেই সে মায়ের সঙ্গে গৌরনদী উপজেলার নাজেরাবাদ গ্রামে নানার বাড়িতে থাকত। সে ওই মদ্রাসার কান্ডোরা বিভাগের আবগিক ছাত্রী ছিল। মদ্রাসার কয়েকজন ছাত্রী জানায়, সোমবার সন্ধ্যার পর দীর্ঘ সময় একটি কক্ষের দরজা বন্ধ থাকায় তাদের সন্দেহ হয়। পরে জানালার ফাঁক দিয়ে উলি দিয়ে তারা জান্নাফুলকে ওড়না পেঁচানো অবস্থায় স্থলতে দেখেন। তাদের চিৎকারে আশপাশের লোকজন ও দায়িত্বভৃত শিক্ষিকারা এসে দরজা ভেঙে কক্ষে প্রবেশ করেন। নিচে নামানোর পর তাকে মৃত অবস্থায় পাওয়া যায়। নিহতের মা সুরভনা বেগম বলেন, তার মেয়ে আত্মহত্যা করেনি, তাকে হত্যা করা হয়েছে। মেয়ের বুকে নখের আঁচড় ছিল এবং পোপনাশ ফুলে ছিল। এ ঘটনায় তিনি মদ্রাসার প্রতিষ্ঠাতা মো. আবু ইউসুফ খন্দকার ও তার স্ত্রীকে দায়ী করেন। গৌরনদী মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. তারিক হাসান রাসেল বলেন, মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। এটি আত্মহত্যা নাকি অন্য কোনো কারণে মৃত্যু হয়েছে, তা তদন্ত করে দেখা হচ্ছে। সুরতহাল প্রতিবেদন শরীরে কোনো দৃশ্যমান আঘাতের চিহ্ন পাওয়া যায়নি। ময়নাতদন্তের প্রতিবেদন পাওয়ার পর মৃত্যুর প্রকৃত কারণ নিশ্চিত হওয়া যাবে।

### শিক্ষাপ্রতিষ্ঠানে নিয়োগে ডিসিদের

এ জেড এম মোরশেদ আলী। পরিপত্রে বলা হয়, এমপিওভুক্ত বেসরকারি নিয়মমাধ্যমক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয়, উচ্চমাধ্যমিক বিদ্যালয়, উচ্চমাধ্যমিক কলেজ ও স্নাতক (পাস) কলেজে শিক্ষক ছাড়া অন্যান্য এমপিও পদে নিয়োগের সুপারিশ কার্যক্রম পরিচালনার নির্দেশনা সংশোধন করা হয়েছে। একই সঙ্গে এ বিষয়ে ২০২৫ সালের ২৮ সেপ্টেম্বর জারি করা পরিপত্র বাতিল করা হয়েছে। আরও বলা হয়, ২০২৪ সালের ১০ জানুয়ারি জারি করা নির্দেশমালার বিধান পুনর্বহাল করা হয়েছে। তবে ওই নির্দেশনামালার ২.৪ ধারার ‘ক’, ‘খ’ ও ‘গ’-এ বর্ণিত অধ্যক্ষ, উপাধ্যক্ষ, প্রধান শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষক নিয়োগপত্রকৃত অংশ এ সিদ্ধান্তের আওতার বাইরে থাকবে। ফলে ট্রেড অ্যাসিস্ট্যান্ট, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, অফিস সহকারী কাম হিসাব সহকারী, কম্পিউটার ল্যাব অপারেটর, গবেষণাগার সহকারী, ল্যাব সহকারী, নিরাপত্তাকর্মী, পরিচ্ছন্নতাকর্মী, নৈশপ্রহরী, আয়া ও অফিস সহায়কের মতো অশিক্ষক এমপিও পদে নিয়োগের ক্ষেত্রে আগের নির্দেশনাই অনুসরণ করা হবে। জানা যায়, এমপিওভুক্ত বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে অশিক্ষক কর্মচারী নিয়োগে দীর্ঘদিন ধরে অনিয়ম ও ঘুষের অভিযোগ রয়েছে। নিয়োগপ্রতি কয়েক লাখ টাকা লেনদেনের অভিযোগের মধ্যেই সচ্ছতা নিশ্চিতও গত বছরের পরিপত্রে এসব নিয়োগের সুপারিশের দায়িত্ব ডিসিদের হাতে দেওয়া হয়েছিল। তবে শিক্ষাবিদদের একটি অংশ তখনই আশঙ্কা প্রকাশ করেছিলেন, রাজনৈতিক চাপ ও প্রশাসনিক বাস্তবতায় এ উদ্যোগেও কাঙ্ক্ষিত সচ্ছতা নিশ্চিত করা কঠিন হতে পারে। অবশেষে সেই পরিপত্র বাতিল করে আগের বিধান পুনর্বহাল করলো সরকার। এতে শিক্ষাপ্রতিষ্ঠানে নিয়োগে রাজনৈতিক প্রভাব ও দুর্নীতি আরও বাড়বে বলে মনে করছেন শিক্ষা-সংগঠিতরা।

### অতিবৃষ্টিতে বরিশালের ছয়

পিরোজপুরে, প্রায় ১ হাজার ৪৬৫ হেক্টর। এছাড়া সম্পূর্ণ নষ্ট হয়েছে ২৫৭ হেক্টর জমির ফসল, যা পুরো অঞ্চলের মধ্যে সর্বোচ্চ। এতে একটি ক্ষতির দিক থেকে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে ভোলা জেলা। জেলাভিত্তিক হিসাব বলছে, পিরোজপুরে প্রায় ২৩ হাজার ৯২৫ মেট্রিক টন আমন বীজতলা এবং ১ হাজার

৬৮০ মেট্রিক টন গ্রীষ্মকালীন শাকসবজি নষ্ট হয়েছে। বালকাঠিতে ক্ষতি হয়েছে ১ হাজার ৬৪৩ মেট্রিক টন, পটুয়াখালীতে ২৪৪ মেট্রিক টন, বরগুণায় ৪৯৮ মেট্রিক টন এবং ভোলায় ১ হাজার ৯৬০ মেট্রিক টন ফসলের। সব মিলিয়ে বরিশাল অঞ্চলে প্রায় ২৯ হাজার ৯৫০ মেট্রিক টন ফসল ক্ষতিগ্রস্ত হয়েছে। অর্থনৈতিক ক্ষতির চিত্রও উদ্বেগজনক। কৃষি বিভাগের প্রাথমিক হিসাবে ভোলায় প্রায় ৯ কোটি টাকা, পিরোজপুরে ৪ কোটি ৫৫ লাখ টাকা, বালকাঠিতে ২ কোটি ৪৫ লাখ ৪ হাজার টাকা, পটুয়াখালীতে ১ কোটি ৩ লাখ ১৫ হাজার ৯০০ টাকা এবং বরগুণায় ৮৪ লাখ ১০ হাজার টাকার ফসলের ক্ষতি হয়েছে। ক্ষেতের ফসল ভুবে যাওয়ায় দিশেহারা হয়ে পড়েছেন কৃষকেরা। ভোলার তত্ত্বাব্দিনিদ উপজেলার খাসেরহাট এলাকার কৃষক নারায়ণ চন্দ্র বলেন, অনেক কষ্ট করে আমন বীজতলা তৈরি করেছিলাম। কিন্তু কয়েক দিনের টানা বৃষ্টিতে সব পানির নিচে চলে গেছে। এখন নতুন করে বীজতলা তৈরি করতে হবে। কীভাবে সেই খরচ জোপাড় করব, সেটাই বুঝতে পারছি না। পটুয়াখালীর মির্জাগঞ্জ উপজেলার কৃষক জাহাঙ্গীর হাওলাদার বলেন, এক একর জমিতে মরিচ চাষ করেছিলাম। নদীর পানি বেড়ে পুরো ক্ষেত ডুবে গেছে। কয়েক মাসের পরিশ্রম এক মুহূর্তেই শেষ হয়ে গেল। এখন ঋণ কীভাবে শোধ করব, সেটাই সবচেয়ে বড় চিন্তা। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বরিশাল অঞ্চলের অতিরিক্ত পরিচালক রফিকুল ইসলাম জানান, ক্ষতিগ্রস্ত কৃষকের সংখ্যা সবচেয়ে বেশি পিরোজপুরে, যেখানে ২৫ হাজার ৮০০ জন কৃষক ক্ষতির শিকার হয়েছে। এছাড়া পটুয়াখালীতে ৮ হাজার ৭৭০ জন, ভোলা৩ হাজার ৮০০ জন, বালকাঠিতে ১ হাজার ৭১৫ জন এবং বরগুণায় ১ হাজার ১২৫ জন কৃষক ক্ষতির মুখে পড়েছেন। তিনি বলেন, “এখনও বরিশাল অঞ্চলে বৃষ্টিপাত অব্যাহত রয়েছে। নদ-নদীর পানি অনেক এলাকায় বিপদসীমার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে এবং নতুন নতুন ফসলি জমি প্রা়বিত হচ্ছে। ফলে ক্ষতির পরিমাণ বাড়িনিব বাড়ছে। এ পরিস্থিতি অব্যাহত থাকলে আমন আবাদের লক্ষ্যমাত্রা অর্জন কঠিন হয়ে পড়বে। পাশাপাশি কৃষকদের আর্থিক ক্ষতির পরিমাণও কয়েক গুণ বেড়ে যাবে।” কৃষি বিশেষজ্ঞরা বলেনে, পরিস্থিতি মোকাবিলায় দ্রুত ক্ষতিগ্রস্ত কৃষকদের তালিকা চূড়ান্ত করে বিনামূল্যে আমনের বীজ, সার ও কৃষি উপকরণ বিতরণ, সহজ শর্তে কৃষিঋণ এবং প্রয়োজনীয় পুনর্বাসন সহায়তা নিশ্চিত করা জরুরি। অন্যথায় চলতি মৌসুমে বরিশাল অঞ্চলের কৃষি উৎপাদনে বড় ধরনের থাকা লাগার পাশাপাশি খাদ্য উৎপাদনেও নেতিবাচক প্রভাব পড়তে পারে।

### অদৃশ্য বিপদের দিকে এগিয়ে

ফল। গবেষণার সাথে সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান, প্রথমে স্যাটেলাইট চিত্রে বরিশাল নগরীর বৌদ্ধপাড়া ও বিএম কলেজ এলাকার কয়েকটি ভবনের আত্মাভাবিক স্তম্ভে বিসৃ্টি পড়া পড়ে। পরে সরেজমিন অনুসন্ধানে দেখা যায়, নতুন নির্মিত একটি বহুতল ভবন কয়েক মিলিমিটার সামনে হেলে পড়ছে। একই ধরনের চিত্র পাওয়া গেছে নগরীর বটতলা, কসিম কুটিরসহ আরও কয়েকটি এলাকায়। গবেষকদের মতে, এটি কেবল একটি বিচ্ছিন্ন ঘটনা নয়; বরং ভূ-গর্ভস্থ মাটির স্তর ধসে পড়ার প্রত্যক্ষ প্রভাব। গবেষকদের মতে, এই সংঘটের পেছনে সবচেয়ে বড় দুটি কারণ হলো অপরিকল্পিত নগরায়ণ এবং ভূ-গর্ভস্থ পানির অতিরিক্ত উত্তোলন। ভ্রমবর্ধমান বহুতল ভবনের কারণে মাটির ওপর বাড়ছে চাপ। অন্যদিকে বছরের পর বছর গভীর নলকূপের মাধ্যমে নির্বিচারে ভূ-গর্ভস্থ পানি উত্তোলনের ফলে মাটির নিচে পানির স্তরে সৃষ্টি হচ্ছে শূন্যতা। সময়ের সাথে সাথে ওপরের মাটি সেই শূন্যতা পূরণ করতে বসে যাচ্ছে। আর এভাবেই ধীরে ধীরে নিচে নেমে যাচ্ছে পুরো নগরী। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী মুহাম্মদ ইমদান জানান, একসময় বরিশালে ৭০০ থেকে ৮০০ ফুট গভীরেই নিরাপদ সুপেয় পানি পাওয়া যেত। বর্তমানে অনেক এলাকায় ১ হাজার থেকে ১ হাজার ১০০ ফুট গভীর পর্যন্ত ডিউবওয়েলের পাইপ নালিতে হচ্ছে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সহকারী প্রকৌশলী রবিউল ইসলাম বলেন, ৮ থেকে ১০ বছর আগেও গ্রীষ্ম মৌসুমে ১৫ থেকে ২০ ফুট নিচেই পানির স্তর পাওয়া যেত। এখন সেই স্তর নেমে গেছে ৩০ থেকে ৪০ ফুট। প্রতিবছরই এই গতিরচা্র আরও বাড়ছে। বরিশাল নাগরিক সমাধেরে সম্পদ্য সচিব ডা. মিজানুর রহমান বলেন, কয়েক বছর আগেও দক্ষিণাঞ্চলের অধিকাংশ এলাকায় সারা বছরই ডিউবওয়েলে পানি পাওয়া যেত। কিন্তু এখন চিত্র-বনোখা এবেই রায়পাশা-কড়াপুর, বাবুগঞ্জের পাংশোসহ বিভিন্ন এলাকায় ডিপ টিউবওয়েলেও পানি ওঠে না। ফলে বিভক্ত পানির সেকটো দিন দিন প্রকট হচ্ছে। মানবাধিকার কর্মী ও পরিবেশ সংকো মুরাদ আহমেদ বলেন, বছরে দেড়-দুই মিলিমিটার ভূমি দেবে যাওয়ার বিষয়টি ছোট মনে হলেও দীর্ঘমেয়াদে এটি অত্যন্ত ভয়ংকর। ৫০ বা ১০০ বছর ধরে এই প্রবণতা চলতে থাকলে বরিশালের ভূমির উচ্চতা সমুদ্রপৃষ্ঠের খুব কাছাকাছি চলে আসবে। তখন স্বাভাবিক জোয়ারেই প্রা়বিত হতে পারে নগরীর বিস্তীর্ণ এলাকা। আর জলজঙ্ঘাস বা ঘূর্ণিঝড়ের সময় পরিস্থিতি হবে আরও ভয়ানক। গবেষণায় সরাসরি সম্পৃক্ত বাংলাদেশ ভূ-তাত্ত্বিক জরিপ অধিদপ্তরের উপ-পরিচালক মোহাম্মদ আনিসুর রহমান বলেন, প্রকৃতির আচরণ সবসময় একই রকম থাকে না। তবে গবেষণায় এখন পর্যন্ত ভূমি দেবে যাওয়ার ধারাবাহিক প্রবণতাই দেখা গেছে। এটি বন্ধ করা না গেলে ভবিষ্যতে বড় ধরনের বিপর্যয় এড়ানো কঠিন হবে। তিনি বলেন, ভূ-গর্ভস্থ পানির ওপর নির্ভরতা কমিয়ে নদী, খাল ও পুকুরের পানি পরিোধনের মাধ্যমে ব্যবহারের ব্যবস্থা করতে হবে। পাশাপাশি অপরিকল্পিত নগরায়ণ নিয়ন্ত্রণ, পরিবেশবান্ধব নার পরিকল্পনা বাস্তবায়ন এবং টেকসই পানি ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে। বিশেষজ্ঞদের মতে, বরিশালের এই সংকট এখনই হুশমান না হলেও এটি ভবিষ্যতের জন্য একটি নীরব বিপদসংকেত। খাশাসময়ে কার্যকর পদক্ষেপ না নিলে একসময় ভূমি দেবে যাওয়া, বিভক্ত পানির সংকট, অবকাঠামোগত ক্ষতি এবং জনবায়ুগতিত প্রাবনের সম্মিলিত অভিঘাতে দক্ষিণাঞ্চলের এই গুরুত্বপূর্ণ নগরী বসবাসের অনুপযোগী হয়ে পড়তে পারে।

### দেশে হামে শেখমত্য়

অনুযায়ী, চলতি বছরের ১৫ মার্চ থেকে হামের উপসর্গ নিয়ে হাসপাতালে ভর্তি হয়েছে এক লাখ দুই হাজার ২৪৪ শিশু। তাদের মধ্যে ৯৮ হাজার ৪১১ শিশু সুস্থ হয়ে হাসপাতাল ছেড়েছে।

### ৭ লাখ ১০ হাজার কৃষকের

নিয়েছে বাংলাদেশ কৃষি ব্যাংক (বিবেক)। অনূর্ধ্ব ১০ হাজার টাকা পর্যন্ত কৃষিঋণের আসল ও সুদ মওকুফ কার্যক্রমের আওতায় দেশের বিভিন্ন অঞ্চলের মোট ৭ লাখ ৯ হাজার ৬৭৯ জন কৃষকের ঋণ মওকুফ করা হয়েছে। মওকুফকৃত এই ঋণের মোট পরিমাণ ৬০৪ কোটি ৮১ লাখ ৮ হাজার ৬৬৭ টাকা। উল্লেখ্য, সরকার কর্তৃক মওকুফকৃত মোট টাকার প্রায় ৩৯ শতাংশই বাংলাদেশ কৃষি ব্যাংকের। দীর্ঘদিন ধরে অনাদায়ী থাকা ক্ষুদ্র ঋক্ষের কৃষিঋণ কৃষকদের ওপর বড় আর্থিক চাপ তৈরি করছিল। বিশেষ করে প্রাকৃতিক দুর্যোগ, উৎপাদন ব্যয় বৃদ্ধি, মন্দা বাজার পরিস্থিতি এবং নানা ঝংকরের কারণে অনেক কৃষক নির্ধারিত সময়ে ঋণ পরিশোধ করতে পারছিলেন না। ফলে তারা নতুন করে ঋণ গ্রহণের সুযোগ থেকেও বঞ্চিত হচ্ছিলেন। এই পরিস্থিতি বিবেচনায় সরকার ১০ হাজার টাকা পর্যন্ত কৃষিঋণ মওকুফের সিদ্ধান্ত গ্রহণ করে, যা মাঠপর্যায়ে সফলভাবে বাস্তবায়ন করেছে বাংলাদেশ কৃষি ব্যাংক। সংশ্লিষ্ট সেজ জানান গেছে, কৃষিভিত্তিক বাংলাদেশে মোট বিতরণকৃত কৃষিঋণের ৬৩ শতাংশ এককভাবে বিতরণ করে থাকে বাংলাদেশ কৃষি ব্যাংক।

এই বিশাল ঋণ মওকুফ কার্যক্রমের মাধ্যমে বিপুলসংখ্যক ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক ঋণের দায় থেকে মুক্ত হইলেন। এর ফলে তারা আবারও নিয়মিত ব্যাংকিং সেবার আওতায় এসে ভবিষ্যতে কৃষি উৎপাদনের জন্য নতুন করে ঋণ গ্রহণের সুযোগ পাবেন। ব্যাংক কর্তৃপক্ষ জানায়, মওকুফ কার্যক্রম সফলভাবে সম্পন্ন করতে ব্যাংকের প্রধান কার্যালয়সহ বিভাগীয়, আঞ্চলিক ও শাখা পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীরা সম্মিথভাবে কাজ করেছেন। কৃষকদের ঋণের বোঝা কমে যাওয়ায় তারা চাষাবাদে নতুন উদ্যমে মনোনিবেশ করতে পারবেন, যা দেশে কৃষি উৎপাদন বৃদ্ধি, খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ এবং গ্রামীণ অর্থনীতির গতিশীলতায় ইতিবাচক ভূমিকা রাখবে।

### পুলিশের ডিআইজি ও এসপি

জ্যেষ্ঠ কর্মকর্তার পদে বড় ধরনের রদবদল করা হয়েছে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের পুলিশ-১ শাখা থেকে জারি করা পৃথক প্রজ্ঞাপনে এ সিদ্ধান্ত জানানো হয়েছে। মঙ্গলবার রাত্রিপতির আদেশক্রমে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপসচিব তৌছিফ আহমেদ স্বাক্ষরিত তিনটি পৃথক প্রজ্ঞাপনে এসব বদলি ও পদায়নের নির্দেশ দেওয়া হয়। প্রজ্ঞাপন অনুযায়ী, ময়মনসিংহ রেঞ্জের ডিআইজি মো. আতাউল কিবরিয়াকে পুলিশের অপর্যাপ তদন্ত বিভাগে (সিআইডি) ডিআইজি হিসেবে বদলি করা হয়েছে। তাঁর স্থলে খুলনা মেট্রোপলিটন পুলিশের (কেএমপি) কমিশনার (ডিআইজি) মোহাম্মদ জাহিদুল হাসানকে ময়মনসিংহ রেঞ্জের ডিআইজি পদে পদায়ন করা হয়েছে। অন্যদিকে, সিলেট মেট্রোপলিটন পুলিশের (এসএমপি) কমিশনার (ডিআইজি) আব্দুল কুদ্দুস চৌধুরী রেঞ্জ বদল করে চট্টগ্রাম রেঞ্জের ডিআইজি হিসেবে দায়িত্ব পেরেবেন। আর পুলিশ অধিদপ্তরের ডিআইজি মো. সারোয়ার মুর্শেদ শামীমকে সিলেট মেট্রোপলিটন পুলিশের (এসএমপি) নতুন কমিশনার (ডিআইজি) হিসেবে পদায়ন করা হয়েছে। এ ছাড়া গত ২৮ জুনের একটি প্রজ্ঞাপনে সিআইডির ডিআইজি মিয়া মাসুদ করিমকে এপিবিএনে বদলির যে আদেশ দেওয়া হয়েছিল, নতুন প্রজ্ঞাপনে তা বাতিল করা হয়েছে। আলাদা একটি প্রজ্ঞাপনে বেশ কয়েকজন অতিরিক্ত ডিআইজি পুলিশ সুপারকে বিভিন্ন রেঞ্জ ডিআইজি কার্যালয়ে সংযুক্ত করা হয়েছে: পুলিশ স্টাফ কলেজের অতিরিক্ত ডিআইজি নাসিয়ার ওয়াজেদকে রংপুর রেঞ্জ ডিআইজি কার্যালয়ে সংযুক্ত করা হয়েছে। রাজশাহীর ইন-সার্ভিস ট্রেনিং সেন্টারের সুপারনিউমারার অতিরিক্ত ডিআইজি মোহাম্মদ আশিকুর রহমানকে খুলনা রেঞ্জ ডিআইজি কার্যালয়ে বদলি করা হয়েছে। টুরিস্ট পুলিশের সুপারনিউমারার অতিরিক্ত ডিআইজি মো. আসাদ মাহমুদকে রাজশাহী রেঞ্জে সংযুক্ত করা হয়েছে। পুলিশ সদপ দপ্তরের টিআর পদে থাকা পুলিশ সুপার আ ফ ম নিজাম উদ্দিন ও এসবির বিশেষ পুলিশ সুপার তাহসিন মাসরুফ হোসেন মাসাফিকে রংপুর রেঞ্জ ডিআইজি কার্যালয়ে সংযুক্ত করা হয়েছে। সিআইডির পুলিশ সুপার মীর আবু হেহিদিকে চট্টগ্রাম রেঞ্জ ডিআইজি কার্যালয়ে সংযুক্ত করা হয়েছে। অপর এক প্রজ্ঞাপনে চার কর্মকর্তার নতুন পদায়ন নিশ্চিত করা হয়েছে: অ্যান্টি টেররিজম ইউনিটের (এটিইউ) সুপারনিউমারার অতিরিক্ত ডিআইজি শরিফ উদ্দিন আহমেদকে র্যা়্যাপিড অ্যাকশন ব্যাটালিয়নে (র্যা়্যাব) বদলি করা হয়েছে। শিল্পাঞ্চল পুলিশের চলতি দায়িত্বে থাকা অতিরিক্ত ডিআইজি মো. কাফিল উদ্দিনকে পুলিশ অধিদপ্তরে পদায়ন করা হয়েছে। পাবনা জেলার পুলিশ সুপার মো. ছুফি উল্লাহকে সিআইডির বিশেষ পুলিশ সুপার হিসেবে বদলি করা হয়েছে। পাবনার নতুন পুলিশ সুপার (এসপি) হিসেবে দায়িত্ব পেরেছেন অ্যান্টি টেররিজম ইউনিটের (এটিইউ) পুলিশ সুপার আবু আব্রাহ। স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃকও, প্রশাসনিক গতিশীলতা বৃদ্ধি ও জনস্বার্থ নিশ্চিত করতেই পুলিশ প্রশাসনের উচ্চপর্যায়ে এই রদবদল আনা হয়েছে।

### বদলির তদবির নিয়ে

মন্ত্রী ডা. আ ন ম এহম্মাদুল হক মিলন। তার ভাষা, ‘বদলির তদবির নিয়ে শিক্ষকরা এত বেশি ভিড় করেন যে, আমি এবং প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ আমাদের অফিস রুমে ঢুকতেই পারি না।’ মঙ্গলবার (২১ জুলাই) বিকেলে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ঢাকা জেলার আওতাধীন প্রাথমিকের সব স্তরের কর্মকর্তাদের নিয়ে আয়োজিত মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন তিনি। ‘অধিকতর মানসম্মত প্রাথমিক শিক্ষা’ বাস্তবায়নে কর্মকর্তাদের করণীয় বিষয়ে রাজধানীর মিরপুরে পিটিআই মিলনায়তনে এ মতবিনিময় সভার আয়োজন করা হয়। প্রাথমিক শিক্ষকদের বদলি উপজেলায় নিয়ে যাওয়ার কারণ জানাতে গিয়ে মন্ত্রী বলেন, ‘সরকারি প্রাথমিক বিদ্যালয়দের সব শিক্ষক ঢাকায় আসতে চান, তাদের কথা শুনে মনে হয় যেন সব বিদ্যালয়ই ঢাকায়। এজন্য বদলিটা উপজেলা পর্যায়ে নিয়ে যাওয়া হয়েছে।’ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মো. সাখাওয়াৎ হোসেনের সভাপতিত্বে সভায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক শাহীনা ফেরদৌসী প্রমুখ।

### ৪৫ বছর মেজর মোজাফফর

ভুলে বিচারহীনতা ও ষড়যন্ত্রের কড়া সমালোচনা করেছেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা ও বিনপির সিনিয়র মুখ্য মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভী। তিনি প্রগ্ন তুলেছেন, এই ৪৫ বছর তিনি কোথায় ছিলেন? আন্তর্জাতিক বা দেশের ভেতরের কারা তাকে আশ্রয় দিয়েছে? মঙ্গলবার (২১ জুলাই) রাজধানীর নয়াদিল্লীরে আনন্দ ভবনে যুবদলের সাবেক সহ-সভাপতি প্রয়াত জাকির হোসেন নান্নুর আত্মার মাগফিরাত কমানায় আয়োজিত দোয়া মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে রিজভী এসব কথা বলেন। কেন্দ্রীয় যুবদল এই অনুষ্ঠানের আয়োজন করে। রিজভী বলেন, একই সময়ে কাদের সিদ্দিকীর প্রসঙ্গও আলোচনায় আসা উচিত। তার ভাষা, সে সময় কাদের সিদ্দিকী অন্য দেশে গিয়ে আশ্রয় নিয়েছিলেন এবং তাকে অস্ত্র দেওয়া হয়েছিল। দেশের সেনাবাহিনীর বিরুদ্ধে তাকে কারা বদওয়া করেছিল, তা আজ আলোচনার সময় এসেছে। একইভাবে সাম্প্রতিক জুলাই-আগস্টের ছাত্র আন্দোলনে মুন্স, ওয়াসিফ, আবু সাঈদদের ওপর পুলিশের সঙ্গে মিলে গুলি চালিয়ে রক্তের বন্যা বইয়ে দেওয়া হাজার হাজার আওয়ামী লীগ নেতাকর্মী ভারতে পালিয়ে যাওয়ার পর তাদের কারা আশ্রয় দিয়েছে, সে বিষয়েও জবাব চাওয়ার দাবি জানান তিনি। নেতাকর্মীদের উদ্দেশে রিজভী বলেন, হতাশ হওয়ার কিছু নেই। বরং কঠোর পরিশ্রমে বিশ্বাসী হয়ে দলের আদর্শকে বুকে ধারণ করে এগিয়ে যেতে হবে। তিনি বলেন, দীর্ঘ ১৭ বছরের ফ্যানসিদের অবসান এবং শত প্রতিকূলতা পেরিয়ে দলের শীর্ষ নেতার দেশে ফেরা ও প্রধানমন্ত্রীর দায়িত্ব গ্রহণ প্রমাণ করে, কয়েক প্রশ্ন বা আত্মদান কখনো এড়া যায় না। বর্তমান সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কাজের প্রশংসা করে রিজভী বলেন, সরকার ফ্যামিলি কার্ডের পরিসর বাড়িয়ে এবং কৃষক কার্ড দিচ্ছে। এক-দুই বছর পর এসব উদ্যোগের সূক্ষ্ম মানুষের হাতে পৌঁছালে জাকির হোসেন নান্নুর মতো মানুষের আত্মদান সার্থক হবে। দীর্ঘ ১৭ বছর বাড়িঘর ও আত্মীয়স্বজন ছাড়া প্রবাসে নানা নিপীড়ন সহ্য করে দলের চেয়ারম্যানের দেশে ফেরা এবং প্রধানমন্ত্রীর দায়িত্ব গ্রহণকে একটি ‘বড় ও অস্বাভাবিক ঘটনা’ হিসেবে উল্লেখ করে নেতা-কর্মীদের তার প্রতি পূর্ণ আস্থা রাখার আহ্বান জানান রিজভী। বিগত প্রহসনের ‘আমি এবং আমি’ নির্বাচনের পর তৈরি হওয়া হালাশা কাটিয়ে এই বিজয়কে তিনি বড় অর্জন হিসেবে আখ্যা দেন।

### জুলাই ছিলো আশ্তনমাখা

ছাত্র আন্দোলনের সমস্বয়কেরা ৪৮ ঘণ্টা সময় বেঁধে দেন। পরেরদিন অর্থাৎ ২২ জুলাই ২০২৪ তারিখ সোমবার কোটাগ্রন্থা সংস্কার করে আদালতের নির্দেশ অনুযায়ী তৈরি করা প্রজ্ঞাপনে অনুমোদন দেন প্রধানমন্ত্রী। রাতে সীমিত আকারে ব্রতব্যাপ্ত ইন্টারনেট সেবা চালু হয়। কিন্তু বৈষম্যবিরোধী ছাত্র-জনতা তখনও বিগতদিনের সহিসেতা ও নিহতদের হত্যার বিচারের দাবিতে বিভিন্ন কর্মসূচি পালন করে। আর এই কর্মসূচিতে পুলিশ, বিজিবি, যাবসহ সরকারি বাহিনী অবলীলয় গুলি চালায়। বিভিন্ন স্থানে রাষ্ট্রীয় বাহিনীর সঙ্গে সাধারণ ছাত্র-জনতার সংঘর্ষে শতাবধিক আহত ও নিহতের খবর পাওয়া যায়। তৎকালীন সরকারের নির্দেশে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী অভিযান পরিচালনা করে। সারাদেশ থেকে কয়েকহাজার মানুষকে আটক করা হয়। ২৫ জুলাই সারাদেশে ব্যাপক গণশ্বেভার ও ধরপাকড় চলতে থাকে। ইন্টারনেট সেবা বন্ধ হয়ে যাওয়ার বিষয়টিকে তৎকালীন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী গণমাধ্যমের সামনে দাবি করেন, “ইন্টারনেট আমরা বন্ধ করিনি নিজে থেকেই বন্ধ হয়ে গেছিলো”। অনেকের মতে, ইন্টারনেট বন্ধের কারণ ছিলো আন্দোলনকারীদের ওপর আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর হামলা, গুলি এবং ব্যাপক হতাহতের ছবি ও ভিডিও বেনে সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়তে না পারে এবং বালাদনেতে শৈক্ষিক গণমাধ্যম এবং বহির্বিধ থেকে সম্পূর্ণ বিচ্ছিন্ন করে ভেতরের প্রকৃত পরিস্থিতি গোপন করার চেষ্টা। কিন্তু ছাত্র-জনতার আন্দোলনটি তখন কেবল কোটার দাবির মধ্যে সীমাবদ্ধ না থেকে হত্যার বিচার ও সরকারের জবাবদিহিতার দাবিতে রূপ নেয়।

### পুলিশের ওপর হামলা মামলায়

থানায় হামলা, ভাঙচুর ও পুলিশের ওপর হামলার ঘটনায় ১০ জুলাই ৪৩ জনের নাম উল্লেখসহ অজ্ঞাতনামা ৩০০ জনের বিরুদ্ধে মামলা করে পুলিশ। মামলায় এজাহারভুক্ত ২৯ জন আসামিকে শ্বেভার করে আদালতের মাধ্যমে জেলহাজতে পাঠানো হয়। আগৈলঝাড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মাসুদ খান জানান, ঘটনাঞ্চল থেকে পুলিশের সংগ্রহ করা সিপিটিভি ফুটেজ, ভিডিওচিত্র এবং অন্যান্য তথ্য-উপাত্ত বিশ্লেষণ করে হামলায় অংশ নেওয়া ব্যক্তিদের শনাক্ত করা হয়েছে।

### বালকাঠিতে ডেস্তু পরিস্থিতির

উদ্যোগই এখন সবচেয়ে গুরুত্বপূর্ণ। বালকাঠি সদর হাসপাতালের মেডিসিন বিভাগের কনসালটেন্ট ডা. আবুয়াল হাসান জানান, চলতি মৌসুমে ডেস্তু আক্রান্তের সংখ্যা গত বছরের একই সময়ের তুলনায় প্রায় দ্বিগুণ হয়েছে। তিনি জ্বর দেখা দিলে দ্রুত ডেস্তু পরীক্ষা করানোর পাশাপাশি বাসাবাড়ি ও আশপাশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা, জমে থাকা পানি অপসারণ ও মশার বংশবিস্তার রোধে সবাইকে সচেতন থাকার আহ্বান জানান।

### বরিশালে দুর্যোগ মোকাবিলায়

তলিয়ে যায় কৃষকের ফসলের মাঠ। অভিযোগ উঠছে, সংকটকালীন সুপেয় পানি ও খাদ্যভাব মেটাতে স্থানীয় অসহায় মানুষগুলো যখন আশ্রয়কেন্দ্রে ছোটেন, সেখানেও তাদের পড়তে হয় অবকাঠামোগত নানা সংকট ও চরম ভোগান্তির মুখে। মাথা গোঁজার ঠাই হারিয়ে উপকূলরে এসব মানুষের শেষ ভরসা হয়ে পড়ায় সাইকোন শেক্টর বা আশ্রয়কেন্দ্রগুলো। কিন্তু বাস্তবে সেখানেও কোনো স্বস্তি নেই। কোনো কোনো আশ্রয়কেন্দ্রে ভবন জরাজীর্ণ ও ব্যবহারের অনুপযোগী; আবার কোথাও আলো-বাতাসহীন দমবন্ধ পরিবেশ। বিশেষ করে নারী, শিশু ও বৃদ্ধদের জন্য এই পরিবেশ আরও কষ্টদায়ক হয়ে ওঠে। বরিশাল সদর উপজেলার টুঙ্গিাড়া এলাকায় বাসিন্দা মো. রফিকুল ইসলাম কোভ প্রকাশ করে বলেন, ‘ঝড়-বন্যা আইল্কেই আমরা আচ্ছে ধাকি। আশ্রয়কেন্দ্রে গেলে দেখি পানির কল নষ্ট, বাধরুম ব্যবহারের উপায় নাই। আলো-বাতাস নাই, দম বন্ধ হয়। আছে। আমরা তখনো যোয়ার কেউ নাই।’ একই চিত্র ওঠে এলাে চরবাড়িয়ার লামছুর গ্রামের বাসিন্দা আবদুর রহমানের কষ্টে। তিনি বলেন, ‘বন্যার পানিতে ঘরের চুলা ডুইবা যায়। সাইকোন শেক্টর ধারে কাছে নাই। বাধা হইয়া পোলাপান নিয়া গ্লা সামান পানিতেই দিন কাটাতে হয়।’ শায়েস্তাবাদের বাসিন্দা মোসাম্মৎ মরিয়ম বেগম বলেন, ‘জাশের ঋণ লনবাড়ি করে আমরা চরের মানুষ সময়মতো কিছুই পাই না। আশ্রয়কেন্দ্র বাড়ি দিার কয়েক মাইল দূরে। তাও আবার মহিলাগো জন্য আলানা কোনো নিরাপত্তা নাই। আমরা খুব কষ্টে দিন কাটাই।’ দুর্যোগের আগাম বাঢ়া পৌছানো কিবা উদ্ধার কাজে উপকূলের সবচেয়ে বড় চালিকাশক্তি হলো ঘূর্ণিঝড় গুরুত্ব কর্মসূচি (সিপিপি)। দুর্যোগ ও াণ মন্ত্রণালয়ের তথ্য মতে, বরিশাল বিভাগে সব মিলিয়ে প্রায় ৩৩ হাজার স্বেচ্ছাসেবক নিয়োজিত থাকলেও চরম বৈষম্যের শিকার বরিশাল জেলা। এখানকার নদীয়েজিত ৫টি অভ্যন্তর ঝুঁকিপূর্ণ উপজেলার কয়েক লাখ মানুষের সুস্থকায় সিপিপি নির্বাক্ত স্বেচ্ছাসেবক সংখ্যা জনলে চোখ কান্না মেতে ঠঠার জোগাড়। সিপিপির তথ্য মতে, বরিশাল বিভাগে মোট সিপিপি স্বেচ্ছাসেবক রয়েছেন ৩২ হাজার ৭০০ জন। এর মধ্যে তেলো জেলায় সর্বোচ্চ ১৩ হাজার ৮৮০ জন, পটুয়াখালীতে ৮ হাজার ৭০০ জন, বরগুণায় ৮ হাজার ৪৪০ জন এবং পিরোজপুরে ১ হাজার ৭০০ জন স্বেচ্ছাসেবক কাজ করছেন। অথচ বরিশাল জেলার ৫টি অভ্যন্তর ঝুঁকিপূর্ণ উপজেলার জন্য সিপিপির তালিকাভুক্ত কর্মী অটেনে মাত্র ৬০ জন। জেলাভিত্তিক এই বিশাল বৈষম্য দুর্যোগ ব্যবস্থাপনাকে মাত্রাত্মক হুমকির মুখে ফেলেছে। লোকবল সংকটের বিরয়ে সিপিপি বরিশাল জেলার উপ-সহকারী প্রকৌশলী মো. সোহাগ হোসেন জানান, ‘বরিশাল জেলার সদর (সিটি ইউনিট) এলাকায় বর্তমানে তালিকাভুক্ত স্বেচ্ছাসেবক মাত্র ৬০ জন। নদীয়েজিত ৫টি অভ্যন্তর ঝুঁকিপূর্ণ উপজেলার বিশাল জনসংখ্যার তুলনায় এই সংখ্যা সত্যিই নগণ। আমরা বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানিয়েছি এবং নতুন করে স্বেচ্ছাসেবক নিবন্ধনের প্রক্রিয়া জোরদার করার চেষ্টা করছি; যাতে দ্রুত এই শূন্যতা পূরণ করা যায়।’ তবে মাঠপর্যায়ে এমন সংকট সত্ত্বেও প্রশাসনের দাবি, দুর্যোগ মোকাবিলায় সরকারি গুরুত্বিত্তে কোনো ঘাটতি নেই। বরিশাল জেলা ত্রাণ ও পুন



## কবীর্ভনাথানা ৩

আত্মজীবনী গ্রন্থিখনি

### অবৈধ চায়না রিং জালের ফাঁদে হারিয়ে

না খোঁহার ভান করছে। আঞ্চলিক ত্ত্বেদ একে চায়না দুয়ারি কিংবা মার্জিক জাল নামেও ডাকে অনেকে। তবে জালটির অবাদে ব্যবহারে দেশীয় মাছ বিলুপ্তির পথে। এটা জেনেও সংশ্লিষ্ট কর্তৃপক্ষরা আজ পর্যন্ত কোন অভিযান কিংবা জরিমানা করেনি কোন ব্যবহারকারী ও অসাধু ব্যবসায়ীদেরকে। এই আঘাতে চারিদিকে পানিতে থেে থেে করছে। বর্ধার নতুন পানির আগমনে খাল, বিল, পুকুর, খামার ও জলাশয় ভরে দেখা দিচ্ছে দেশীয় প্রজাতির বিভিন্ন মাছ। আর এ মাছ নিধনে বিপজ্জনক চায়না রিং জাল ও কারেন্ট জালের অবাধ ব্যবহার বেড়েই চলেছে। একদিকে জালে নিধন হো়া হচ্ছেই অন্যদিকে টোটা, বরিশ কোচ, বেগ জালে প্রান হারাতে হচ্ছে ব্যবহারকারিদের হাতে মাছগুলো। জানাযেছে, উপজেলার ২১টি ইউনিয়ন ও একটি পৌরসভার বেশীর ভাগ এলাকার খাল-বিল জলাশয় অতি ভারি বর্ষনে পানিতে এখন পরিপূর্ণ হয়ে গেছে। ভূবে যাওয়া মানুষের এসব পুকুর ঘের ও নন্দনী থেকে প্রাকৃতিক জলাশয় ও বিলের নতুন পানিতে বাইশা,পুটি,ট্রেংরা,পাংগাস ও রুই কাতলাসহ বাইং বুতকুলি,খলশে এবং কৈ, শিং, মাগুর, বোয়াল, শৈল, টাকি, চন্দাকাটা, ভেদা, হোয়াইরা, পানদা, মাছসহ বিভিন্ন দেশি মাছ চলে আসছে। এসব মাছ শিকারে যতন্তর রিং জাল বা চায়না দুয়ারির ফাঁদে গেতে শিকার করছে জেলেরা। পাশাপাশি মৌসুমি জেলে এবং স্থানীয় নারী ও শিশুরা এতে অংশগ্রহণ করছে। হারিয়ারা লুচিছেন, গত ১০ বছর আগে এ উপজেলায় মাছ ধরার জন্য দেশীয় ফাঁদ ব্যবহার করা হতো। রাউ, চাই ফেলোকা,তেলা জাল ও বরশি ইত্যাদি ফাঁদ দিয়ে মাছ শিকার করা হলেও এতে দেশি মাছের প্রজাতি কমে যাওয়া নিয়ে সংশয় ছিলো না। কিন্তু বর্তমানে চায়না রিং জাল ও কারেন্ট জাল ব্যবহারে দেশি মাছ বিপন্ন হয়ে যাচ্ছে। শুু তাই নয়, পুকুর, কুপ, জলাশয়ের মাছগুলো অনেকে পাল্পেশের মাধ্যমে নিষ্কাশন করে সম্পূর্ণ মাছ নিধন করে। এতে সম্পর্ভারে মাছ ধরার কারনে অনেক বংশে দিন দিন কমে যাচ্ছে। দক্ষিণ ফ্যান্স এনইউডি দার্বিল মদ্রাসা সহ-সুপার আবুল কালাম সহ স্থানীয় অনেকে জানায়, সম্ভার পর অন্ধকার ঘনিয়ে এলেই বিলে খালে টিটিপট করে লাইট জ্বলতে দেখা গেছে। বিশেষ লাইট জ্বালিয়ে শিকারিরা বিভিন্ন রঙ ব্যবহার করে রাতবর মাছ শিকার করে যাচ্ছে। গত কয়েকদিনের বুটিতে দেখা গেছে, অসাধু এসব শিকারীরা নিজেদের খাওয়া ও বিক্রয়ের জন্য কারেন্ট জাল এবং চায়না রিং জাল ব্যবহার করে মাছ শিকার করছেন। এ সময় নাম প্রকাশে অনিচ্ছুক চায়না রিং জাল ব্যবহারকারি এক জেলে জানান, এ জেলে যেকোনো মাছের পাশাপাশি সাপ, ব্যাঙ সহ অন্যান্য জলজ প্রাণীও এ জালে ঢুকলে তার বের হতে পারে না। খালে-বিলে নতুন পালি আসলেই মাছ শিকারের আশায় অন্যান্য নদীর উৎস তারা এ জাল ব্যবহার করেন বলেও জানান তিনি। উপজেলা সিনিয়র মফ্য কর্মকর্তা জয়ন্ত কুমার অণু বলেন, এ উপজেলায় প্রজ্জা খাল-বিল বা জলাায়ের সংখ্যা কম। এছাড়াও শুকনো মৌসুমে এ এলাা বিলগুলোতে পানি না থাকেনা। যার ফলে দেশী প্রজাতির মাছ কমে যাচ্ছে? চায়না রিং জাল ও কারেন্ট জালের ব্যাপারে অভিযান পরিচালনা করা দরকার। এগুলো আইনের আওতায় আনতে হবে। খুব শিগিরিই মফ্য প্রশাসন এসব জাল জন্দে মাঠে নামাবেন বলেও জানান তিনি।

### রাজাপুরে খাল পুনঃখননে উপকৃত

কিলোমিটার খাল পুনঃখননে ব্যয় হয়েছে ১ কোটি ২৫ লাখ ৮২ হাজার টাকা। এতে প্রায় পাঁচ হাজার মানুষ উপকৃত হবেন। এ ছাড়া হাতুড়িয়া ইউনিয়নের উত্তর তারারনিয়া এলাকার ৮০০ মিটার খাল পুনঃখননে ব্যয় হয়েছে ১৬ লাখ টাকা, যার সফল পাননে প্রায় সাড়ে তিন হাজার মানুষ। রাজাপুর সদর ইউনিয়নের মরিচবুনিয়া খালের ১ হাজার ২০০ মিটার পুনঃখননে ব্যয় হয়েছে ১৪ লাখ ১৩ হাজার টাকা। এতে উপকৃত হবেন প্রায় ১২ হাজার ৫০ জন। ভুলাতলি এলাকার ২ হাজার ৯০০ মিটার খাল পুনঃখননে ব্যয় হয়েছে ৩৪ লাখ ৪০ হাজার টাকা। এতে প্রায় আড়াই হাজার মানুষ উপকৃত হবেন। এছাড়া মালিবাড়ি খালের ১ হাজার ২০০ মিটার পুনঃখননে ব্যয় হয়েছে ১৪ লাখ ৫ হাজার টাকা। এর সফল পাননে আরও প্রায় ১ হাজার ৪০০ মানুষ। স্থানীয় ক্ষমক রিপন সিদ্ধার, কাদের সিদ্ধার ও করিম বলেন, আগে খালে পানি না থাকায় সেস দিনে তোগাশি পোহাতে হতো। এখন সহজেই সেদের পানি পাওয়া যাবে, ফলে ধানসহ বিভিন্ন ফসলের উৎপাদন বাড়বে। স্থানীয় বাসিন্দা শিখারানি, মনিকা রায় ও শেফালি বেগম জানান, খাল ভরাট থাকায় রান্না, গোসলসহ দৈনন্দিন কাজে পানির সংকট ছিল। পুনঃখননের ফলে সেই দুর্ভোগ এখনেকটাই দূর হয়েছে। বিশেষজ্ঞদের মতে, খালের ভাষাকি প্রবাহ ফিলেে গুপ্তগুপ্ত পানির পূরভগ্ন রাতে, জলাবদ্ধতা কমে, দেশীয় মাছের আবাসস্থল তৈরি হয় এবং কৃষি উৎপাদন বৃদ্ধি পায়। তবে এ সফল ধরে রাখতে নিয়মিত রক্ষণাবেক্ষণের গুপ্ত গুরুত্বারোপ করেছে তারা। রাজাপুর উপজেলা প্রকৌশলী অভিযুক্ত মজুমদার বলেন, সরকারি নীতিমাল্য অনুসরণ করে খালগুলো পুনঃখনন করা হয়েছে। এর ফলে কৃষি ব্যবস্থার উন্নয়ন, জলাবদ্ধতা নিরসন, কৃষি উৎপাদন বৃদ্ধি এবং মানুষের জীবনমাত্রার ম্যালেয়ন হবে। পাশাপাশি এসব প্রকল্প এলাকার আর্থ-সাংস্কিক উন্নয়নেও ইতিবাচক ভূমিকা রাখবে। একসময় দুর্ভোগের প্রতীক হয়ে ওঠা খালগুলো এখন রাজাপুরের কৃষক ও সাধারণ মানুষের নতুন আশার প্রতীকে পরিণত হয়েছে। তবে এই সফল দীর্ঘস্থায়ী করতে নিয়মিত রক্ষণাবেক্ষণের দাবি জানিয়েছেন স্থানীয়রা।

### পিরোজপুরের তিন উপজেলায় পরিকল্পনাত্ম

দৈনিক প্রতিবেদনে অনুযায়ী, চলতি বছরে জেলায় মোট ডেঙ্গু আক্রান্তের সংখ্যা বাড়িয়েছে ৮৯৬ জনে, যা সমগ্র বরিশাল বিভাগের মধ্যে সর্বোচ্চ। এদের মধ্যে সর্বমোট ৮৪৯ জন সুস্থ হয়ে ছাড়পুর পেয়েছেন এবং ১ জনের মৃত্যু হয়েছে। বর্তমানে বিভিন্ন হাসপাতালে ৪৯ জন রোগী চিকিৎসাধীন রয়েছে। গত ২৪ ঘন্টায় নতুন করে ভর্তি হয়েছে আরও ১১ জন। সিভিল সার্জন কার্যালয়ের তথ্যমতে, উপজেলাভিত্তিক আক্রান্তের মধ্যে সর্বোচ্চ পিরোজপুরে ৩৭ জন, এছাড়া নেছারাবাদে ১৬৪ জন, ভাঙ্গারিয়ায় ১৪৯ জন, কাউখালীতে ৬৩ জন, নাজিরপুরে ৫৫ জন এবং মর্চবাড়িয়ায় ২৭ জন আক্রান্ত রয়েছেন। তবে ইন্দুরকারী উপজেলায় এখন পর্যন্ত কোনো ডেঙ্গু আক্রান্ত রোগীর তথ্য পাওয়া যায়নি। জেলা তথা অফিস সুব জন্মায়, প্রকৃতিভর পরিচ্ছন্নতা অভিযনে স্থানীয় তরুণ ও যুব সম্ভ্রদায়কে সরাসরি যুক্ত করা হচ্ছে। যুবদের সমন্বয়ে গঠিত দলটি উচ্চ ঝুঁকিপূর্ণ ‘হটস্পট’ এলাকা এবং শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে টানা পরিচ্ছন্নতা ও সচেতনতামূলক কার্যক্রম চালাবে। এছাড়া ‘রিস্ক কমিউনিটেশন ব্যাড কমিউনিটি এনবেলজিং’ (জঙ্গলিউ) কর্মসূচির অধীনে জেলা প্রশাসনের নেতৃত্বে বিশেষ সংলাপ সভা অনুষ্ঠিত হচ্ছে। পাশাপাশি বিদ্যালয় ও কলেজ পর্যায়ে অভিভাবক এবং কর্মকর্তাউনিট নেতাদের সঙ্গে সচেতনতামূলক মতবিনিময় কার্যক্রম জোরদার করা হচ্ছে। বর্ষা মৌসুম গুরুত্ব আপেই জেলা সদরসহ বিভিন্ন উপজেলায় মহিষিছ, লিফটসি বিতরণ ও সড়ক প্রচার চলিয়ে আসছে জেলা তথা অফিস। বড় পদায় প্রজেক্টরের মাধ্যমে জনবহুল স্থানে প্রদর্শন করা হচ্ছে বিশেষ ভিডিও বার্তা। এদিকে পরিস্থিতি মোকাবিলায় জেলা প্রশাসনের নেতৃত্বে গঠিত সমন্বিত কমিটি প্রতিরোধ কার্যক্রমে একটি গুরুত্বপূী সামাজিক আন্দোলনে রূপ দিচ্ছে ওটি উ-ন-কমিটি গঠন করেছে। সমগ্র জেলায় সার্ভে ও ম্যাপিংয়ের মাধ্যমে উচ্চ ঝুঁকিপূর্ণ এলাকা চিহ্নিত করে লার্ডিনালিউ প্রয়োগসহ জরুরি প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

### সরকারের ঋণ বেড়েছে

৫ হাজার ৩৭৪ কোটি টাকা, যা পুরো অর্থবছরের জন্য নির্ধারিত ১ লাখ ২৫ হাজার কোটি টাকার লক্ষ্যের ৮৪ দশমিক ৩ শতাংশ। আগের অর্থবছরের একই সময়ে সরকারের নিট অভ্যন্তরীণ ঋণের পরিমাণ ছিল ৮১ হাজার ৮৪২ কোটি টাকা। অর্থাৎ এক বছরের ব্যবধানে সরকারের ঋণ বেড়েছে প্রায় ২৩ হাজার ৫৩২ কোটি টাকা। প্রতিবেদনে অনুযায়ী, গত অর্থবছরের বাজেটে অভ্যন্তরীণ উৎস থেকে মোট ১ লাখ ২৫ হাজার কোটি টাকা ঋণ নেওয়ার পরিকল্পনা ছিল। এর মধ্যে ১ লাখ ৪ হাজার কোটি টাকা ব্যাংক ব্যবস্থা থেকে এবং ২১ হাজার কোটি টাকা প্রকৌশলী কর্তৃক উৎস থেকে সংগ্রহের লক্ষ্য নির্ধারণ করা হয়। তবে অর্থম ১০ মাসের ব্যাংক থেকে নেওয়া ঋণ বাজেটের লক্ষ্যমাত্রা অতিক্রম করেছে। অন্যদিকে ব্যাংকবহির্ভূত উৎস থেকে সংগ্রহ লক্ষ্যের অনেক নিচে রয়েছে। ২০২৫-২৬ অর্থবছরে জুলাই-এপ্রিল মাসের সরকারি ব্যাংক ব্যবস্থা থেকে ১ লাখ ৪ হাজার ৬৬৬ কোটি টাকা নিট ঋণ নিয়েছে। আগের অর্থবছরের একই সময়ে এ পরিমাণ ছিল ৫০ হাজার ৭৮৭ কোটি টাকা। ফলে এক বছরের ব্যবধানে ব্যাংক থেকে সরকারের নিট ঋণ বেড়েছে প্রায় ৫৪ হাজার কোটি টাকা। কেন্দ্রীয় ব্যাংককে মতে, সরকারি ট্রেজারি বিল ও ট্রেজারি বন্ডের মাধ্যমে অর্থ সংগ্রহে পুরো ব্যাংক ঋণের পরিমাণ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। অন্যদিকে একই সময়ে ব্যাংকবহির্ভূত উৎস থেকে সরকারের নিট ঋণ হয়েছে মাত্র ৭৬৬ কোটি টাকা। আগের অর্থবছরের একই সময়ে এ উৎস থেকে সরকারের নিট

ঋণ ছিল ৩১ হাজার ৫৫ কোটি টাকা। ফলে এক বছরের ব্যবধানে এ খাত থেকে ঋণ সংগ্রহ প্রায় পুরোপুরি কমে গেছে। প্রতিবেদন বলছে, জাতীয় সংসদগণের সরকারের নিট ঋণ ঋণাত্মক হওয়াই এ পরিস্থিতির প্রধান কারণ। জুলাই-এপ্রিল সময়ে জাতীয় সংসদগণের বিক্রি হয়েছে ৭৫ হাজার ৮২০ কোটি টাকা। একই সময়ে মেয়াদপূর্তিসহ বিভিন্ন কারণে পরিশোধ করতে হয়েছে ৭৬ হাজার ২৫০ কোটি টাকা। ফলে সরকারকে নিট ৪২৯১ কোটি টাকা পরিশোধ করতে হয়েছে। আগের অর্থবছরের একই সময়ে নিট পরিশোধের পরিমাণ ছিল ৭ হাজার ৪৩১ কোটি টাকা। শুধু এপ্রিল মাসের হিসাবেও একই প্রবণতা দেখা যায়। ওই মাসে সরকার ব্যাংক ব্যবস্থা থেকে ২৫ হাজার ৪৩৬ কোটি টাকা ঋণ নিলেও পরিশোধ করেছে ৩০ হাজার ১১৩ কোটি টাকা। ফলে মাস শেষে ব্যাংক খাতে সরকারের নিট পরিশোধ দাঁড়ায় ৪ হাজার ৮৮৮ কোটি টাকা। একই সময়ে ব্যাংকবহির্ভূত উৎস থেকে সরকার ১ হাজার ৩৭১ কোটি টাকা নিট ঋণ সংগ্রহ করেছে। প্রতিবেদনে শরিয়াহভিত্তিক সরকারি অর্থায়নের দুটি গুরুত্বপূর্ণ উপকরণের তথ্যও তুলে ধরা হয়েছে। এতে দেখা যায়, ইসলামী ব্যাংকগুলোর তারল্য ব্যবস্থাপনায় ব্যবহৃত বাংলাদেশ গর্ভনমেন্ট ইসলামিক ইনভেস্টমেন্ট বন্ড (বিজিআইআইবি)-এর নিট স্থিতি জুলাই-এপ্রিল সময়ে ৬ হাজার ৬১১ কোটি টাকা বেড়েছে। এ ছাড়া বাংলাদেশ গর্ভনমেন্ট ইনভেস্টমেন্ট সুক্ক (বিজিআইএস)-এর স্থিতি এপ্রিল শেষে বেড়ে ৩৬ হাজার ৫০০ কোটি টাকায় পৌঁছেছে। বাংলাদেশ ব্যাংকের পর্যবেক্ষণ অনুযায়ী, গত অর্থবছরের প্রথম ১০ মাসে সরকারি সিকিউরিটিজ বিশেষ করে ট্রেজারি বিল ও ট্রেজারি বন্ড-ইস্যুর মাধ্যমে অর্থ সংগ্রহ বাড়ায় ব্যাংক ঋণের ওপর সরকারের নির্ভরতা উল্লেখযোগ্যভাবে বেড়েছে। একই সময়ে জাতীয় সংসদগণের ব্যাংকবহির্ভূত উৎস থেকে অর্থ সংগ্রহ কমে যাওয়ায় অভ্যন্তরীণ ঋণের কাটায়েই বড় ধরনের পরিবর্তন এসেছে। এ বিষয়ে চেঞ্জ মনিশিয়েটরের রিচার্ট ফেলো ও অর্থনীতিবিদ এম হেলাল আহমেদ বলেন, বর্তমানে সরকারের নিট অভ্যন্তরীণ ঋণের পরিমাণ ১ লাখ ৫ হাজার কোটি টাকায় পৌঁছেছে। ভবিষ্যতে এ ঋণ আরও বাড়ার পাশাপাশি সুদ পরিশোধের চাপও বৃদ্ধি পাবে, যা বাজেটের একটি বড় অংশ গ্রাস করার ঝুঁকি তৈরি করতে পারে। তিনি বলেন, সরকার মোকাবিলায় সরকারের ঋণগ্রহণ অনেকাংশেই স্বাভাবিক এবং অনেক ক্ষেত্রে অনিবার্য। তবে এ ঋণ যেন দীর্ঘমেয়াদে দেশকে ঋণের ফাঁদে না ফেলে, সেটিই হওয়া উচিত। বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক দাপ্, জ্বালানি সংকট এবং নির্বাচনী প্রতিশ্রুতি বাস্তবায়নের প্রয়োজনীয়তার কারণে সরকারকে বিভিন্ন উৎস থেকে ঋণ নিতে হচ্ছে। কিন্তু এ পরিস্থিতি থেকে টেকসইভাবে উত্তরণের জন্য দেশের নিজস্ব সম্পদ আরোপের সম্ভবতা বাধ্যনো জরুরি। এজন্য রাজস্ব আদায় উল্লেখযোগ্যভাবে বাড়ানো হবে। একই সঙ্গে কঠোর ব্যয়-সামগ্রী নীতি অনুসরণ করতে হবে। স্বল্পমেয়াদে অগ্রয়োজনীয় ব্যয় কার্যে ঋণনির্ভরতা হ্রাস এবং কর-জিডিপি অনুপাত বাড়িয়ে রাজস্ব আহরণ জোরদার করা প্রয়োজক।

### জর্ডানে বেশ কয়েক জন মার্কিন সেনাকে

(আইআরজিসি)। এক বিবৃতিতে আইআরজিসির পক্ষ থেকে বলা হয়েছে, ‘আখালনকারী’ মার্কিন হািলীর বিরুদ্ধে সামরিক অভিযান ‘অপারেশন নাসর ২’ পরিচালনা করছে আইআরজিসি। সেই অভিযানের আওতায় জর্ডানের উত্তরপূর্বস্থলীয় আল-ক্কবান এলাকায় অবস্থিত মার্কিন সেনাদের একটি আবাদিক কমপ্লেক্স লক্ষ্য করে হামলা পরিচালনা করা হয়েছে। ‘আমাদের অভিযান সফল হয়েছে। জর্ডানের আল-ক্কবানকারী সেনাদের বিরুদ্ধে বহুগুণ্যক মার্কিন সেনা নিহত হয়েছে’, বলা হয়েছে আইআরজিসির বিবৃতিতে। সদস্যরা স্থানীয় সময় সকালে এই বিবৃতি প্রদান করেছে আইআরজিসি। এখন পর্যন্ত সুতরাশি কিংবা জর্ডানের পক্ষ থেকে বিবৃতির কোনো প্রতিক্রিয়া জানানো হয়নি। উল্লেখ্য, ইরানের পরমাণু প্রকল্প নিয়ে টানা প্রতিবেদনের জেরে গত ২৮ ফেব্রুয়ারি যুক্তরাষ্ট্র-ইরান যুদ্ধের শুরু এবং টানা ৪০ দিন তা অব্যাহত করার পর ৭ এপ্রিল স্বাক্ষরিত যোগ্যতা করে তেরোরা এবং ওয়াশিংটনে। তার দু’মাসেরও বেশি সময় পর ১৭ জুন পাকিস্তানের মধ্যভাগের ভূমিতে ইসলামাবাদে মর্যোতাত হুজি (ইসলামাবাদ এমওইউ) স্বাক্ষর করেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এবং ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেরেশাদার। গত ৫ জুলাই ট্রাম্প শর্ত ভঙ্গ করে বরফের আমিরাতেরে দুই টাকার জারজে ড্রোন হামলা করে ইরানের প্রতিরক্ষা বাহিনীর অভিভাত শাখা আইআরজিসি। সেই হামলার জবাব দিতে ৭ জুলাই বেছে ইরানের বিভিন্ন সামরিক স্থাপনালি লক্ষ্য কামাটো বোমা বর্ষণ শুরু করে মার্কিন প্রতিরক্ষা বাহিনীর কেন্দ্রীয় কমান্ড সেন্টার। পাঠ্য ভাব্য হিসেবে ইরানও মধ্যপ্রাচ্যের বিভিন্ন সেনাঘটি লক্ষ্য করে ড্রোন ও ক্ষেপণায হামলা শুরু করে। উভয়পক্ষের সংঘাত এখনও চলমান আছে।

### অর্থশতাধিক দেশের ওপর নতুন করে

মঙ্গলবার (২১ জুলাই) এ তথ্য জানানো হয়েছে। প্রতিবেদনে বলা হয়েছে, মার্কিন কর্মকর্তারা প্রায় ৬০টি দেশেরে ওপর ১০ থেকে ১২ দশমিক ৫ শতাংশ পর্যন্ত নতুন ও আত্মনিয়মায়-সম্পর্কিত পণ্যের তালিকা তৈরি করেছেন। মার্কিন সুপ্রিম কোর্ট প্রেসিডেন্টের জরুরি ক্ষমতা বাতিল করার প্রশাসন এ পদক্ষেপের আইনি ভিত্তি হিসেবে ১৯৭৪ সালের বাণিজ্য আইনের ৩০১ ধারার অধীনে জোরপূর্বক প্রমুখরা-সংক্রান্ত তদন্তকে ব্যবহার করতে পারে। মার্কিন প্রেসিডেন্টে সম্প্রতি তার শুদ্ধ আরোপের কর্মসূচি আরও প্রসারিত করেছে। তিনি কানাডার পণ্যের ওপর ৫০ শতাংশ এবং ব্রাজিল থেকে আমদানি করা পণ্যের ওপর ২৫ শতাংশ শুদ্ধ আরোপের যোগ্যতা দিয়েছেন। চলতি বছরের শুরুতে সুপ্রিম কোর্টের এক রায়ে ২০২৫ সালে এপ্রিলে প্রবর্তিত পারস্পরিক শুদ্ধ বাতিল করা হয়। এ ঘটনায় বিশ্ববাজারে ব্যাপক অস্থিরতা সৃষ্টি হয়। প্রতিবেদনে বলা হয়েছে, উর্ধ্বতন কর্মকর্তারা ট্রাম্পকে বাণিজ্য অধিদপ্তরের সঙ্গে স্থিতিশীলতা বজায় রাখতে এবং ২০২৫ সালে স্বাক্ষরিত বাণিজ্য চুক্তিগুলো বহাল রাখতে আহ্বান জানিয়েছেন। একই সঙ্গে তারা কিছু গুরুত্বপূর্ণ ভোয়াপণ্যকে শুদ্ধ থেকে অব্যাহতি দিয়ে এবং নির্দিষ্ট ইস্পাত ও আলুমিনিয়াম-সম্পর্কিত পণ্যের ওপর শুদ্ধ কমান্যে আগের কিছু প্রস্তাব শিথিল করেছেন। ইরানের সঙ্গে ক্রমবর্ধমান উত্তেজনার মধ্যে এ নতুন শুদ্ধ আরোপের পদক্ষেপ নেওয়া হয়েছে। এর ফলে যুক্তরাষ্ট্র প্রতি গ্যারান বেরের দাম ৪ ডলারে বেশি হয়েছে এবং পরিবারিক যানবাহন ও গরুর চাপ বেড়েছে। চার্লি মার্কের গুরুতে পরিচালিত এক জরিপে দেখা গেছে, মূল্যস্ফীতি কমানোর জন্য ট্রাম্পের ব্যবহার দেওয়া নির্বাচনী প্রতিশ্রুতির পরও ই-ইউআরএর বেশি মার্কিন ভোটার জীবনযাত্রার ব্যয় মোকাবেলায় তাঁর পদক্ষেপে আত্মবিশ্বাস প্রকাশ করেছে। প্রজ্ঞাপ্তি এ শুদ্ধের আওতায় জোরপূর্বক প্রমুখরাের একাংশের বিভিন্ন দেশকে লক্ষ্যবস্তু করা হবে। অন্যদিকে অতিরিক্ত উৎপাদনক্ষমতা নিয়ে পূরক একটি তরফে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ), চীন, ভারত, জাপান, মেক্সিকো, দক্ষিণ কোরিয়া এবং দক্ষিণ-পূর্ব এশিয়ার কয়েকটি দেশকে অন্তর্ভুক্ত করা হয়েছে।

### বালকাঠিতে নদ-নদীর

উল্লেখযোগ্য। টানা বৃষ্টি ও অতিরিক্ত জোয়ারে এসব এলাকার রাস্তাঘাট পানিতে তলিয়ে যাওয়ায় যোগাযোগব্যবস্থা বাহ্যত হয়েছে। এতে ভ্রম দুর্ভোগে পড়েছে অসংখ্য মানুষ। এদিকে পানিতে তলিয়ে গেছে রোগো আমন ও আমনের বীজতলা। পেঁপে, লাউ, ককলা, চিচিসা, চালকুমড়াসহ বিভিন্ন ধরনের তলাকৃষি পানিতে ডুবে থাকায় ব্যাপক ক্ষতির আশঙ্কা করছেন প্রবাসী। সদর উপজেলা কৃষি কর্মকর্তা আলী আহমেদ বলেন, পানি যদি দুই-তিন দিন স্থায়ী হয়, তাহলে আমন, পানের বরজসহ অন্যান্য ফসলের ক্ষতির আশঙ্কা রয়েছে। বালকাঠি পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী নিলয় পাশা বলেন, জোয়ার ও বৃষ্টিতে বালকাঠির নদ-নদীর পানি বাড়লেও এখানে বিপৎসীম্য অতিক্রম করেনি।

### সাংবাদিকদের সাথে নবযোগদানকৃত

প্রেসক্লাবের সভাপতি মো. শামীমুল ইসলাম শামীম, সহ-সভাপতি সাইফুল মুখা এইচ.এম. মামুন হাওলাদার শাহীকে সভাপতি কে. এম. আজাদ রহমান, যুগ্ম সাধারণ সম্পাদক এল. আর. মালিক , জাহিদ ইসলাম জাহিদ জাহিদ আকন এই বিষয়ক সম্পাদক কাজী মলিকজ্জামান, যুগ্ম সাধারণ সম্পাদক রিহান রায়,সার্বিক প্রবীর রিহান নবী মোহাম্মদ শকিবুল ইসলাম সেকত বাউই কিশোর মজুমদার মলয় ঘটক বিপ্লব গাইন আশরাফ আহমেদ সহ স্থানীয় গণমাধ্যমকর্মীরা। উপজেলার সার্বিক দিক তুলে বেরে উন্নয়ন কর্মসূচি, জনসেবা, শিক্ষা, স্বাস্থ্য, অর্থনৈতিকতা ও মাদক পরিশোধ এবং সাধারণ মানুষের ভোগান্তি সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় তুলে ধরেন। পাশাপাশি প্রশাসন ও গণমাধ্যমের মধ্যে সমন্বয় আসা ও জোরদার করার লক্ষ্যে উপজেলা নির্বাহী কর্মকর্তা নিরুপম মজুমদার বলেন, সাংবাদিকরা সমাজের দর্পণ। উন্নয়ন কর্মকাণ্ড, সমস্যা ও সঠিক চিত্রণ জরুরি। প্রশাসন ও গণমাধ্যমের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি বস্ত্তনিষ্ঠ, দায়িত্বশীল ও তথ্যভিত্তিক সংবাদ প্রকাশের আহ্বান জানান। এবং উপজেলার সার্বিক উন্নয়ন, সুশাসন প্রতিষ্ঠা এবং

জনগণের দোরগোড়ায় চোখে পড়ার মত সরকারি সেবা পৌঁছে দিতে সাংবাদিকদের গঠনমূলক ভূমিকার প্রশংসা করেন। মতবিনিময় সভায় সাংবাদিকরাও প্রশাসনের সঙ্গে পারস্পরিক আস্থা ও সহযোগিতার ভিত্তিতে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন। সৌহার্দুর্পর্য পরিবেশে অনুষ্ঠিত এ মতবিনিময় সভায় প্রশাসন ও গণমাধ্যমের মধ্যে পারস্পরিক সহযোগিতা কামনা করছেন।

### এইচএসসির পরীক্ষা কেন্দ্রে

ঘটনা ঘটেছে, তা কোনো বিচ্ছিন্ন ঘটনা নয়; বরং দীর্ঘদিন ধরে নারী শিক্ষার্থীদের ওপর চলে আসা ধারাবাহিক নিপীড়নের বিরুদ্ধে সাধারণ শিক্ষার্থীদের পুঞ্জীভূত ক্ষোভের বহিঃপ্রকাশ। সংশ্লিষ্ট নিট আরও জানায়, পরীক্ষাকেন্দ্রে নারী শিক্ষার্থীদের যৌন হরারানির প্রতিবাদ করায় উল্টো শিক্ষার্থীদের ওপর পুলিশ ভেদে লাঠিচার্জ করা হয়েছে। পরবর্তী সময়ে ওই শিক্ষার্থীদের বিরুদ্ধেই মামলা হয়েছে। ফলে ভুক্তভোগী শিক্ষার্থীরা ভ্রম নিরাপত্তাহীনতায় ভুগছেন এবং ন্যায়বিচার পাওয়া থেকে বঞ্চিত হওয়ার আশঙ্কা করছেন। আরসিপি এ ঘটনাকে মানবাধিকারের চরম লঙ্ঘন এবং আইনের শাসনের পরিপন্থী বলে উল্লেখ করেছে। প্রশিক্ষাপ্রতিষ্ঠানে নারী শিক্ষার্থীদের নিরাপত্তা ও মর্যাদা রক্ষার স্বার্থে আরসিপি প্রশাসনের কাছে দ্রুত ও কার্যকর পদক্ষেপ নেওয়ার জোর দাবি জানিয়েছে। তারা উপজেলা প্রশাসনের নেতৃত্বে একটি উচ্চপর্যায়ের নিরপেক্ষ তদন্ত কমিটি গঠন করে পরীক্ষাকেন্দ্রের সিগিটিভি ফুটেজ, প্রত্যক্ষদর্শীদের বক্তব্য ও সংশ্লিষ্ট সব তথ্য-প্রমাণ পূঙ্খানুপূঙ্খভাবে যাচাই করার আহ্বান জানিয়েছে। একই সঙ্গে অভিযোগ সত্য প্রমাণিত হলে সৌচীদের বিরুদ্ধে কঠোর আইনমুখী ব্যবস্থা নেওয়া, শিক্ষার্থীদের আইনি সুরক্ষা দেওয়া এবং ভবিষ্যতে এ ধরনের ঘটনা প্রতিরোধে স্থায়ী ব্যবস্থা গ্রহণের দাবি জানানো হয়। এ বিষয়ে এক ভিডিও বার্তায় আরসিপি চেয়ারম্যান রেদওয়ানুল হক বলেন, ‘চরফ্যানন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) বিষয়টি অত্যন্ত গুরুত্বের সঙ্গে দেখা হচ্ছে বলে আশ্বাস দিয়েছেন। আমরা দেখব তিনি কি পদক্ষেপ নেন।’ শিক্ষার্থীদের সুরক্ষা নিশ্চিতে প্রয়োজনে আমরা আইনি পদক্ষেপ নেব।

### রাতে মাঝ নদীতে চলন্ত লঞ্চে ওঠার

কাজীহাট থানার রহমানেয়ারঘাট থেকে ঢাকা যাওয়ার উদ্দেশ্যে ‘এমডি রাজহংগন-৮’ লঞ্চে ওঠার চেষ্টা করেন আব্দুল আলীমসহ চার যাত্রী। তারা একটি ছোট্ট ট্রালারে করে লক্ষ্মীর দিকে রওনা হন। ট্রালারটি চলন্ত লঞ্চে কাছাকাছি পৌঁছালে থাকা লঞ্চে লতা নদীতে ডুবে যায়। ট্রালারে থাকা তিনজন সাতের তীরে উঠতে পারলেও আব্দুল আলীম নিখোঁজ হন। ঘটনার পর স্থানীয় বাসিন্দা ও নৌ-পুলিশের উদ্ধার অভিযান ব্যর্থ হয়। লোমবার দেড়টার দিকে উপজেলার নলবুনিয়া লঞ্চঘাটের কাছে নদীতে একটি মরদেহ ভাসতে দেখে জেলেরা নৌ-পুলিশকে খবর দেন। কালাীগড় নৌ-পুলিশের একটি দল ঘটনাস্থলে গিয়ে মরদেহ উদ্ধার করেন। পরে আব্দুল আলীম হাওলাদারের স্বজনরা মরদেহ শনাক্ত করেন। কালাীগড় নৌ-পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এনামুল হক জানান, ব্যবসায়ীর মরদেহ উদ্ধার করে প্রাথমিক সুরতহাল করা হয়েছে। পরিবারের পক্ষ থেকে কোনো অভিযোগ না থাকায় সোমবার বিকেলে মরদেহ স্বজনদের কাছে হস্তান্তর করা হয়েছে।

### পটুয়াখালীতে ৪০ শয্যার ওয়ার্ডে ভর্তি

মায়ের কোলে অসুস্থ শিশু, কোথাও আবার মেঝেতে শুইয়ে শিশুদের স্যালাইন দেওয়া হচ্ছে। চিকিৎসকেরা জানান, আবহাওয়া পরিবর্তনের কারণে শ্বাসকষ্ট, নিউমোনিয়া, ফুসফুসের সংক্রমণ এবং অপুষ্টিজনিত রোগে আক্রান্ত শিশুদের সংখ্যা বাড়ছে। সদর উপজেলার বদরপুর ইউনিয়নের মরিয়ম বেগম (২৩) জানান, তার সাতই তিন বছরের মেয়ে জন্মাতুলেই শ্বাসকষ্ট ও জ্বরে ভুগছে। তার কোনো আছে আট মাস বয়সী আরেক শিশু। মরিয়ম বলেন, ‘এখানে এত রোগী যে একটি বিছানায় তিনজন শিশুকে রাখা হয়েছে। জেট দুই সন্তান নিয়ে খুব কষ্টে আছি।’ একইভাবে কালিকাপুর ইউনিয়নের শাহীন বয়াতি ও শাভা আজহার তাদের দুই মাস বয়সী ছেলে জিসানকে জ্বর ও শ্বাসকষ্ট নিয়ে হাসপাতালে ভর্তি করেছে। শিশু ওয়ার্ডে ১০ নম্বর শয্যায় আরও দুই শিশুর সঙ্গে জিসানের চিকিৎসা চলছে। জৈনকটী ইউনিয়নের শেখ সালেহ মরদেহ মেড বরষ বয়সী শহিদারও একই অসুস্থ। রোগীর স্বজনরা অভিযোগ করেন, শিশু ওয়ার্ডে ভর্তি অধিকাংশ রোগী হাসপাতালে থেকে খাবার পাচ্ছে না। দুর্দুর্ভাগ্য থেকে আসা অনেক পরিবারকে বাইরে থেকে খাবার কিনতে আনতে হচ্ছে। এ বিষয়ে হাসপাতাল কর্তৃপক্ষ জানায়, ৪০ শয্যার শিশু ওয়ার্ডে প্রতিদিন মাত্র ৪০ জন রোগীর জন্য খাবারের সরকারি বরাদ্দ রয়েছে। অতিরিক্ত রোগীদেরকে খাবার দেওয়া সম্ভব হচ্ছে না। পটুয়াখালী মেডিকেল কলেজের শিশু বিভাগের অধ্যাপক ডা. মো. অহিদুজ্জামান বলেন, ‘একটি শয্যায় দুই থেকে তিনজন, কোথাও তারও বেশি শিশু রয়েছে। এখানে শিশুরা যেমন কষ্ট পায়, তেমনি তাদের মারেরাও বসার জায়গা পাচ্ছেন না। এই পরিস্থিতিতে রোগী ও স্বজনদের সন্তুষ্টি করা কঠিন। ভরপুরও চিকিৎসকেরা সর্বোচ্চ চেষ্টা করে যাচ্ছেন।’ হাসপাতালের ভাতারায়ও চিকিৎসকেরা সর্বোচ্চ চেষ্টা করে যাচ্ছেন। পটুয়াখালীর এই হাসপাতালে ভালো চিকিৎসা পাওয়ায় আশপাশের বিভিন্ন জেলা ও উপজেলার মানুষেরাও এখানে আনেন। তিনি বলেন, ‘বর্তমানে শ্বাসকষ্ট ও নিউমোনিয়ার প্রকোপ বেড়েছে। সীমিত জনবল ও সুযোগ-সুবিধার মধ্যেও চিকিৎসক ও নার্সরা রোগীদের সর্বোচ্চ সেবা দেওয়ার চেষ্টা করছেন।’

### যুবদলের কর্মী দু’সহোদর দলের

তারা রয়েছে উপেক্ষিত। আজগু ও আদান রাজাপুর উপজেলার শুভাগপুর গ্রামের বাসিন্দা এবং ওই গ্রামের জাফর আলীর পুত্র। আদান ফ্যাসিস্ট সরকারের আমলে ইউনিয়ন য়েছোদেবক দলের সভাপতি ছিলেন। বর্তমানে উপজেলা যুবদলের আহ্বায়ক কমিটির সদস্য। আনিসপুর রহমান ছিলেন যুবদলের সভাপ্তি কর্মী। আজাদ হোসেন রাজাপুর উপজেলা থানা ভাঙুর মালবার। [নং-জি.আর ৬৮/২০১৩ (রাজা)] আসামী, রাজারুর থানা পুলিশের উপরে হামলার মিথ্যা মামলার অভিযোগপত্রে শ্রেণিভুক্ত আসামী করা হয়। ২০১৪ সালে রাজাপুর উপজেলা নির্বাহীনে ২নং শুভাগপুর ইউনিয়ন ৮নং ওয়ার্ড বেসিঙের সাক্ষ্যে হামলার মিথ্যা মামলা [নং জি.আর ২৭/২০১৪ (রাজা)] শ্রেণিভুক্ত আসামী করা হয়। দ্রুত বিচার আইনসহ রাজাপুর উপজেলা নৈকটি বাজারে গাড়ি ভাঙুর মিথ্যা মামলায় [নং জি.আর ০৫/১৩ (রাজা)] শ্রেণিভুক্ত আসামী করা হয়। শুভাগপুর ইউনিয়নের ০৯নং কাটিপাড়া ওয়ার্ড সেন্টারের জাতীয় নির্বাচন প্রতিরোধে চেষ্টার অভিযোগে বিদ্যোদার আইনে রাজাপুর থানার মামলায় [নং-জি.আর ০৩/১৯ (রাজা)] ২নং শ্রেণিভুক্ত আসামী করা হয়েছে। মোটর গাড়ি অপহরণের অভিযোগে রাজাপুর থানার মামলায় [নং-জি.আর ০৫/২০১৪ রাজনৈতিক মামলায় আটক করা হয়। অপহরণক মো. আনিসুর রহমান ২০১৪সালে রাজাপুর উপজেলা পরিষদ নির্বাচনে ২নং শুভাগাড় ইউনিয়ন ৮নং ওয়ার্ড সেন্টারের হামলার মামলায় [নং জি.আর ২৭/২০১৪ (রাজা)] শ্রেণিভুক্ত আসামী করা হয়। মোটর গাড়ি আটকিয়ে জি.আর ৫১/২০১৪ রাজনৈতিক মামলায় আটক করা হয়?এছাড়াও ফ্যাসিস্ট আওয়ামীলীগ আমলে একাধিকবার হামলার শিকার হয়েছেন। অসুচ্য বাবা-মা’কে ঘরে বছরের পর বছর পালিয়ে থেকে রাজনৈতিক কর্মসূচী বাস্তবায়নে তৎপর ছিলেন বলে দাবী জানান তাগাী এ দু’সহোদর?
বালকাঠি জেলা যুবদলের আহ্বায়ক শামীম তালুকদার বলেন, রাজাপুরের শুভাগাড় থেকে আজাদ ও তার ভাই আনিস বালকাঠিতে এসেও বিভিন্ন মিছিল ও কর্মসূচীতে অংশ নিতো?

### বিয়ের দাবিতে প্রেমিকের

তরুণীরা সঙ্গে ইমনের পরিচয় হয়। পরে তাদের মধ্যে প্রেমের সম্পর্ক গড়ে ওঠে। বিষয়টি উন্ময় পরিবারের সদস্যরাও জানতেন বলে অভিযোগ উল্লেখ করা হয়েছে। সম্পর্ক চলাকালে ইন একাধিকবার তরুণীকে বিয়ের প্রতিশ্রুতি দেন। অভিযোগে আরও বলা হয়, গত ১৭ জুলাই দুপুর সাড়ে ১২টার দিকে ইমনের কথামতো তরুণী মরিচবুনিয়া বাজারে গেলে ইমন তাকে নিজের বাড়িতে নিয়ে যান। সেখানে বাজারের পর ইমনের বাবা-মা তাকে গ্রহণ করতে অস্বীকৃতি জানান। একপর্যায়ে ইমনও তাকে বিয়ে করতে অস্বীকৃতি জানান বলে অভিযোগ করেন মারজিয়া। এ সময় স্থানীয় কয়েকজন ব্যক্তি ঘটনার সাক্ষী ছিলেন বলেও দাবি করা হয়েছে। পরে বিষয়টি আত্মীয়-স্বজনের সঙ্গে আলোচনা করে নেছারাবাদ থানায় লিখিত অভিযোগ দায়ের করেন মারজিয়া। অভিযোগে তিনি ঘটনার সূত্ তদন্ত ও প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন। নেছারাবাদ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেরী আলী বলেন, এ বিষয়ে একটি লিখিত অভিযোগ পেয়েছি। অভিযোগটি তদন্ত করে আইনামুখী ব্যবস্থা নেওয়া হবে।

### সাত মামলার আসামী

(এসআই) শাহাবুদ্দিন। দশমিনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আতিকুল ইসলাম জানান, হাবিবুর রথার বিরুদ্ধে এর আগে জাল

নোট-সংক্রান্ত সাতটি মামলা রয়েছে। সর্বশেষ ঘটনার উদ্ধার হওয়া জাল নোটের ঘটনায়ও তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

### কনটেন্ট ক্রিয়েটর কাফি, বাবা

মেশিন, ভান, কোদাল ও খোয়া নিয়ে খেপুপাড়া সরকারি মডেল মাধ্যমিক বিদ্যালয়ের রজপাড়া মৌজার রিএস ১২ নম্বর খতিয়ানের ৫৯ নম্বর দাগের জমিতে প্রবেশ করেন। সেখানে তার মাটি কেটে আবার পরিবর্তন করে জোরপূর্বক চলাচলের রাস্তা তৈরি চেষ্টা চালান। খবর পেয়ে বিদ্যালয়ের পাঁচজন সহকারী শিক্ষককে সঙ্গে নিয়ে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক ঘটনাস্থলে যান এবং রাস্তা তৈরিতে বাধা দেন। এতে ক্ষিপ্ত হয়ে কাফি প্রধান শিক্ষকের কাছে ১০ লাখ টাকা চাঁদা দাবি করেন বলে অভিযোগে উল্লেখ করা হয়। চাঁদা দিতে অস্বীকৃতি জানালে কাফি শিক্ষকদের সঙ্গে অশালীন আচরণ ও ধাধাদাক্ষি করেন এবং প্রাণনাশের হুমকি দেন। পরবর্তীকালে আসামিরা ১১০ ফুট দৈর্ঘ্য ও ৩০ ফুট প্রস্থের প্রায় ৬ শতাংশ জমির আনুমানিক ১ লাখ টাকা মূল্যের মাটি কেটে নিজ বাড়িসহ বিভিন্ন স্থানে শুল্লণ করে রাখেন এবং সেখানে পাথর ফেলে রাস্তা তৈরি করেন। এতে বিদ্যালয়ের প্রায় ৫ লাখ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে মামলায় দাবি করা হয়। ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আব্দুর রহিম জানান, রজপাড়া মৌজার বিভিন্ন দাগে মোট ২১ দশমিক ৭৬ একর জমির প্রকৃত মালিক খেপুপাড়া সরকারি মডেল মাধ্যমিক বিদ্যালয়। বিদ্যালয় কর্তৃপক্ষ দীর্ঘদিন ধরে সীমানা নির্ধারণ করে এই জমি শান্তিপূর্ণভাবে ভোগদখল করে আসছে। ঘটনার পর স্থানীয়ভাবে বিষয়টি আপস-মীমাংসার চেষ্টা করা হলেও কাফি এ তার পরিবার সম্মত হানি। কলাপাড়া থানায় যোগাযোগ করা হলে পুলিশ আদালতে মামলা করার পরামর্শ দেন। আমরা বিদ্যালয়ের সম্পত্তি রক্ষায় সূচ্ বিচার দাবি করছি। অভিযোগের বিষয়ে নুরুজ্জামান কাফি বলেন, জমির ওয়ারিশরা দীর্ঘদিন আইনি লড়াই চালিয়ে সূত্রি জেট থেকে রায় পেয়েছেন। তাদের কাছ থেকে আমি ব্যান্ডা সুত্রি মোট কিনেছি। এবং মালিকপক্ষ জমি



অর্ধশতাধিক দেশের ওপর নতুন করে  
শুষ্ক আরোপের পরিকল্পনা ট্রাম্পের

কীর্তনখোলা ডেস্ক  
অর্ধশতাধিক দেশের ওপর নতুন করে শুষ্ক আরোপের পরিকল্পনা করছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। আগামী সপ্তাহের শুরুতেই এ শুষ্ক কার্যকর করা হতে পারে। ব্রিটিশ সংবাদমাধ্যম ফিন্যান্সিয়াল টাইমসের এক প্রতিবেদনে ৩ এর পাতায় দেখুন

দৈনিক  
**কীর্তনখোলা**  
আত্মতত্ত্ব প্রতিদিন

বরিশাল ৯ বুধবার ৯ ২২ জুলাই ২০২৬ ৯ ০৭ শ্রাবণ ১৪৩৩

জর্ডানে বেশ কয়েক জন মার্কিন সেনাকে  
হত্যার দাবি ইরানের আইআরজিসির

কীর্তনখোলা ডেস্ক  
জর্ডানের আল-ককবান এলাকায় মার্কিন সেনানিবাসে ড্রোন ও ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করে মুত্তরাষ্ট্রের বেশ কয়েক জন সেনাকে হত্যার দাবি করেছে ইরানের প্রতিরক্ষা বাহিনীর অভিজাত শাখা ইসলামিক রেভলুশনারি গার্ড ফোর্স ৩ এর পাতায় দেখুন



নদীতীর সংরক্ষণেই ব্যয়ের  
৭৩ শতাংশ  
চার কিলোমিটারে ব্যয় ৫০৩  
কোটি টাকা  
৩.৮০৪ কোটি টাকার সম্পদ  
রক্ষার লক্ষ্য

ভোলা রক্ষায় ৬৮৫ কোটি টাকার  
প্রকল্প, ব্যয় নিয়ে আপত্তি

ভোলা প্রতিনিধি  
মেঘনা নদীর ভয়াবহ ভাঙনের  
কবল থেকে ভোলা সদর ও  
দৌলতখান উপজেলার শিবপুর,  
ধনিয়া এবং মেদুয়া এলাকা  
রক্ষায় ৬৮৫ কোটি ৮৬ লাখ  
টাকার একটি নতুন প্রকল্প  
অনুমোদনের জন্য আপামি কাল  
বুধবার জাতীয় অর্থনৈতিক  
পরিসরের নির্বাহী কমিটির  
(একনেক) সভায় উঠেছে। পুরো  
অর্থই সরকারি তহবিল (জিওবি)  
থেকে ব্যয় করা হবে। নদীতীর  
সংরক্ষণ, উপকূলীয় বাঁধ  
পুনর্বাসন, বাঁধের ঢাল সুরক্ষা  
এবং পানি নিষ্কাশন অবকাঠামো  
নির্মাণের মাধ্যমে নদীভাঙন,  
জলোচ্ছ্বাস ও জলাবদ্ধতার ঝুঁকি  
কমানোই প্রকল্পটির মূল লক্ষ্য।  
তবে মেঘনা নদীর ভাঙন থেকে



কনটেন্ট ক্রিয়েটর কাফি, বাবা  
ও ভাইয়ের বিরুদ্ধে মামলা

কলাপাড়া প্রতিনিধি  
আলোচিত কনটেন্ট ক্রিয়েটর ও এনলিপি নেতা নুরুজ্জামান কাফি,  
তার বাবা এ. বি. এম. হাবিবুর রহমান এবং বড় ভাই মো. মামুনের  
বিরুদ্ধে জমি দখল ও চাঁদাবাজির অভিযোগে আদালতে মামলা করা  
হয়েছে। কলাপাড়া সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে  
মামলাটি করেন খেপুপাড়া সরকারি মডেল মাধ্যমিক বিদ্যালয়ের  
ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আব্দুর রহিম। মামলার এজাহার সূত্রে জানা  
যায়, গত ১১ জুলাই সকাল ১০টা ১৫ মিনিটের দিকে নুরুজ্জামান  
কাফি, তার বাবা ও ভাই মাটি কাটার ভেতর ৩ এর পাতায় দেখুন



বিয়ের দাবিতে প্রেমিকের  
বাড়িতে তরুণীর অনশন

নেছারাবাদ প্রতিনিধি  
পিরোজপুরের নেছারাবাদ উপজেলায় তিন বছরের প্রেমের সম্পর্কের  
পর বিয়ের প্রতিশ্রুতি ভঙ্গের অভিযোগে প্রেমিকের বাড়িতে গিয়ে বিয়ের  
দাবিতে অনশন করছেন এক তরুণী। অনশনের ৪ দিন পর এ ঘটনায়  
প্রেমিক ও তার পরিবারের সদস্যদের বিরুদ্ধে থানায় লিখিত অভিযোগ  
করেছেন ভুক্তভোগী ওই তরুণী। ভুক্তভোগী তরুণী (১৮) বরিশালের  
বানারীপাড়া উপজেলার বাসিন্দা। অভিযুক্ত আব্দুল্লাহ আল ইমন (২২)  
নেছারাবাদ উপজেলার বাসিন্দা। অভিযুক্ত আদুল্লাহ আল ইমন (২২)  
গ্রামের বাসিন্দা এবং স্থানীয় ব্যবসায়ী তাইজুল ইসলামের ছেলে। এই  
অভিযোগে ইমনের বাবা তাইজুল ইসলাম ও মা মুরশিদা বেগমকেও  
বিবাদী করা হয়েছে। লিখিত অভিযোগ সূত্রে জানা যায়, প্রায় তিন বছর  
আগে ইমনের ছোট বোনের মাধ্যমে ওই ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক  
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে

দি  
**নিউ লাইফ**

মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড

যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।  
০১৭১৩-৯৫০৯৪১  
০১৭১৩-১৬৯৮২৮

সরকারের ঋণ বেড়েছে ২৩  
হাজার ৫৩২ কোটি টাকা

কীর্তনখোলা ডেস্ক  
বাজেট ঘাটতি মেটাতে ২০২৫-  
২৬ অর্থবছরের প্রথম ১০ মাসে  
(জুলাই-এপ্রিল) সরকারের  
থেকে ঋণ সংগ্রহ কার্যত স্থবির  
অভ্যন্তরীণ ঋণ সংগ্রহের চিত্রে  
ঋণের প্রধান উৎস হিসেবে  
ব্যাংক খাতের গুরুত্ব আরও  
বেড়েছে। বাংলাদেশ ব্যাংকের

অবৈধ চায়না রিং জালের ফাঁদে হারিয়ে  
যাচ্ছে দেশীয় প্রজাতির মাছ

শাহাবুদ্দিন  
চরফ্যাশন  
ভোলায় চরফ্যাশনে  
নদনদী ও খাল বিল  
জলাশয়ে দিন দিন  
হারিয়ে যাচ্ছে দেশি  
প্রজাতির মাছ। মাছ  
মততা কমছে, ততই মাছ  
শিকার করে জীবিকা  
নির্বাহ করা মানুষগুলো  
যেনো আশ্রয়ী হয়ে  
উঠছে। এই আশ্রয়ী  
শিকারীদের সঙ্গে তাল মিলিয়ে তাদের চাহিদা পূরণে  
অসাধু ব্যবসায়ীরা বাজারে ওপেন আমদানি ও বেচা  
প্রশাসন দেখেও

পটুয়াখালীতে ৪০ শয্যার ওয়ার্ডে ভর্তি  
১৭৬ শিশু, মেঝেতেও চলছে চিকিৎসা

পটুয়াখালী প্রতিনিধি  
পটুয়াখালী ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালের শিশু ওয়ার্ডে  
শয্যা রয়েছে ৪০টি, কিন্তু বর্তমানে সেখানে ভর্তি আছে ১৭৬ শিশু  
রোগী। এই পরিস্থিতিতে একটি শয্যাতেই দুই, তিন এমনকি চারজন  
শিশুকে গাদাগাদি করে রেখে চিকিৎসা দেওয়া হচ্ছে। এতেও যাদের  
শয্যা মিলেছে না, তাদেরকে থাকতে হচ্ছে মেঝেতে। মঙ্গলবার দুপুরে  
হাসপাতালের শিশু ওয়ার্ড ঘুরে দেখা যায়, অতিরিক্ত রোগীর চাপ  
সামল দিত হিমশিম খাচ্ছেন চিকিৎসক ও নার্সরা। প্রতিটি শয্যার  
চারপাশে রোগীর স্বজনদের ভিড়। কোথাও ৩ এর পাতায় দেখুন

রাতে মাঝ নদীতে চলন্ত লঞ্চ ওঠার  
চেষ্ঠা, ব্যবসায়ীর মরদেহ উদ্ধার

মুন্সি প্রতিনিধি  
বরিশালের মেহেন্দিগঞ্জ উপজেলার কাজীরহাট থানা সংলগ্ন লতা  
নদীতে নিখোঁজ ব্যবসায়ী আব্দুল আলীম হাওলাদারের (৪৮) মরদেহ  
উদ্ধার করা হয়েছে। দুর্ঘটনার প্রায় ৪০ ঘণ্টা পর নলবুনিয়া লঞ্চঘাট  
এলাকা থেকে মরদেহ  
উদ্ধার করা হয়। স্থানীয়  
জেলারদের  
ভিত্তিতে মেহেন্দিগঞ্জের  
কালীগঞ্জ নৌ-পুলিশ  
ভাসমান অবস্থায় মরদেহটি  
উদ্ধার করে। আব্দুল আলীম  
হাওলাদার উপজেলার  
আদারমানিক ইউনিয়নের  
৩ নম্বর ওয়ার্ডের বাসিন্দা।  
তিনি স্থানীয় বিভিন্ন বাজার ও এলাকা থেকে গাব, পেয়ারাসহ মৌসুমি  
ফল কিনে ঢাকার বিক্রি করতেন। স্থানীয় সূত্রে জানা যায়, গত শনিবার  
(১৮ জুলাই) রাত সাড়ে ৯টার দিকে ৩ এর পাতায় দেখুন



যুবদলের কর্মী দু'সহোদর দলের  
দুঃসময়ে ত্যাগী, সুসময়ে উপেক্ষিত

সুবেশ মালিক, রাজাপুর  
রাজাপুর উপজেলার গুণ্ডাগড়া গ্রামের বাসিন্দা উপজেলা যুবদলের কর্মী  
সরদারের আদায় হোসেন ও আনিসুর রহমান দলের দুঃসময়ে ছিলেন  
সক্রিয়। দলীয় কার্যক্রমে নির্ভিক অংশ গ্রহণ করায় হয়েছে একাধিক  
রাজনৈতিক মামলার আসামী। প্রেক্ষাপট পরিবর্তনের পরে একটি  
চক্রের যত্নে কোণঠাসা হয়ে পড়ে। ১২ ফেব্রুয়ারী জাতীয় নির্বাচনে  
বিএনপি সরকার গঠন করলে এখনও ৩ এর পাতায় দেখুন

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন  
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডটট. এইচ.ও (অস্ট্রেলিয়া)  
অধ্যাপক ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এস)  
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ

চেষ্টার:  
এখানো ভাষাগণসিক কমপ্লেক্স  
শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে  
১০০০-১০০০ মেডিকেল কলেজ (পূর্বমুখ), বরিশাল।  
বাঁধ রোড, বরিশাল।  
রোগী দেখার সময়:  
প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা  
প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা  
সিরিয়ালের জন্য:  
০১৭৫২-১০৪৪০৮, ০১৭১১-২৪০৮৬৬  
০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-০৪৪৯৭৫

বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিক্রি করছে হরহামেশে  
এই অবৈধ জাল  
তাদের জালগুলো  
আমদানির কারণেই  
ব্যবহারকারীরা হাত  
বাড়ালেই সহজে পাচ্ছে  
জালগুলো। ফলে  
ব্যবহারকারীদের আত্মসানে  
বিপন্ন দেশি প্রজাতির  
মাছ। উপজেলা ২১  
ইউনিয়নের গ্রামা

বাজারেও এক ধরনের  
বাজারেও এক ধরনের  
৩ এর পাতায় দেখুন

এইএসসির পরীক্ষা  
কেদ্রে ছাত্রীদের যৌন  
হয়রানি, তদন্ত দাবি

চরফ্যাশন প্রতিনিধি  
ভোলায় চরফ্যাশনের একটি  
এইএসসি পরীক্ষাকেন্দ্রে  
ছাত্রীদের যৌন হয়রানি  
ও শারীরিক লাঞ্ছনার অভিযোগের  
ঘটনায় সূই ও নিরপেক্ষ তদন্ত  
দাবি করেছে উপকূলভিত্তিক  
মানবাধিকার সংগঠন 'রাইটস  
ফর কোস্টাল পিপল'  
(আরসিপি)। একই সঙ্গে  
ভুক্তভোগী শিক্ষার্থীদের নিরাপত্তা  
নিশ্চিত, দোষীদের বিরুদ্ধে  
আইনি ব্যবস্থা গ্রহণ এবং  
উপজেলা প্রশাসনের নেতৃত্বে  
উচ্চপর্যায়ের তদন্ত কমিটি  
গঠনের আহ্বান জানিয়েছে  
সংগঠনটি। গণমাধ্যমের খবর  
বিশ্লেষণ এবং আরসিপির নিজস্ব  
তদন্তে উঠে এসেছে, চরফ্যাশন  
সরকারি কলেজ ও ফাতেমা  
মতিন মহিলা মহাবিদ্যালয়ের  
শিক্ষকদের অভ্যন্তরীণ কোন্দল  
ও বিরোধের খেসারত দিতে  
হচ্ছে সাধারণ শিক্ষার্থীদের। এর  
জেরে অনেক শিক্ষার্থীকে  
পরীক্ষাকেন্দ্রে শারীরিক ও  
মানসিক হেনস্তার শিকার হতে  
হচ্ছে। আরসিপি বলাচ্ছে, গত  
১১ জুলাই পরীক্ষাকেন্দ্রে যে  
সংঘর্ষের ৩ এর পাতায় দেখুন



অসহায়তার পরিবেশে ব্যবসা পরিচালনার দায়ে মেট্রো বোর্ডিং, আলমদিনা হোটেল ও তেঁতুলতলা হোটেল  
ভ্রাম্যমাণ আদালতের অভিযান

বালকাঠিতে নদ-  
নদীর পানি বৃদ্ধি,  
প্লাবিত নিম্নাঞ্চল

বালকাঠি প্রতিনিধি  
বালকাঠিতে সক্রিয় মৌসুমি  
বায়ুর প্রভাবে গত কয়েক দিন  
ধরে দুর্যোগপূর্ণ অবস্থাওয়ার  
পাশাপাশি হালকা থেকে মাঝারি  
ধরনের বৃষ্টি হচ্ছে। একই সঙ্গে  
সুগন্ধ, বিষবাহীসহ জেলার  
বিভিন্ন নদ-নদীর পানি  
স্বাভাবিকের চেয়ে বেড়েছে।  
এতে জেলার নলছিটি, কাটালিয়া  
ও রাজাপুর উপজেলার  
নদীতীরবর্তী ও নিম্নাঞ্চলের  
২০টিরও বেশি গ্রাম প্রাতিত  
হয়েছে। প্রাদিত এলাকাগুলোর  
মধ্যে শৌলজালিয়া, আমুয়া,  
পাটিখালঘাটা, হেতাল রুনিয়া ও  
গ্রেমহার ৩ এর পাতায় দেখুন

কম্পিউটারের সবকিছুই  
আপনার নাগালে

ঈশিতা কম্পিউটার  
All Kinds Of Computer Solution,  
Accessories Selling, Training  
& Digital Photography  
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৪৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহমেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক  
মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় : সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com